ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার


# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



এক ছবিতেই বদলে গেল ঐশ্বরিয়ার বিচ্ছেদের গুঞ্জন

পৃঃ ৫



মিয়ামি ছাড়ছেন মেসি!

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৬৭ ● কলকাতা ● ১৩ আশ্বিন, ১৪৩১ ● সোমবার ● ৩০ সেপ্টেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## নির্যাতিতার দেহে আঘাত সহ

## একাধিক প্রশ্নের উত্তর খুঁজতে মরিয়া সিবিআই




**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** আরজি কর হাসপাতালে নির্যাতিতা চিকিৎসকের ময়নাতদন্তের রিপোর্টে 'অ্যান্টিমোর্টেম' শব্দটি ঘিরে রহস্য দানা বাঁধছে। সিবিআই এখন কয়েকটি প্রশ্নের উত্তর পাবার জন্য মরিয়া হয়ে উঠেছে।ময়নাতদন্তের রিপোর্টে উল্লেখ থাকা দেহের আঘাতের বর্ণনার সঙ্গে তাদের বয়ান মিলিয়ে দেখেছে সিবিআই। রহস্যের জট খুলতে ময়নাতদন্তের দায়িত্বে থাকা চিকিৎসকদের পাশাপাশি ডোমেদেরও জিজ্ঞাসাবাদ করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। যেসব প্রশ্নের উত্তর সিবিআই খুঁজছে তা হল ওই চিকিৎসকের দেশ দেহে যে আঘাত গুলির কথা উল্লেখ করা হয়েছে সেগুলি মৃত্যুর আগে না পরে? তিলোত্তমাকে কি খুনের আগে ধর্ষণ করা হয়েছিল না পরে? মৃত চিকিৎসকের দেহে একাধিক আঘাত ছিল। ময়নাতদন্তের রিপোর্ট অনুযায়ী এই আঘাতগুলো মৃত্যুর আগেই বলে উল্লেখ করা হয়েছে। তদন্তকারীরা জানিয়েছেন ময়নাতদন্তের রিপোর্টে ধোঁয়াশা আছে। বিশেষ করে দেহের আঘাত নিয়ে ধোঁয়াশা বেশি দানা বাঁধছে। সিবিআই সূত্রের খবর তারা একাধিকবার আরজিকর হাসপাতালের ঘটনাস্থল ঘুরে আসার পর এবং ময়নাতদন্তের রিপোর্ট দেখার পর মনে করা হচ্ছে সঞ্জয় রায় মৃতার ওপর পাশবিক অত্যাচার করেছে। কিন্তু খুন অন্য কেউ করে থাকতে পারে। যৌন নির্যাতন খুনের আগে না পরে এবং দেহের আঘাত এই তথ্যই তদন্তের নতুন মোড় এনে দিতে

এরপর ৩ পাতায়

## কোশি নদীর জলে উত্তরবঙ্গ ভেসে যাওয়ায়

## প্রশাসনিক বৈঠক করতে উত্তরবঙ্গ গেলেন মুখ্যমন্ত্রী





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বন্যা পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় নির্দেশ দেবার জন্য রবিবার বিকালে শিলিগুড়ির উত্তরকন্যায় প্রশাসনিক বৈঠক করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মালদা থেকে পাহাড়ের কালিম্পং, দার্জিলিং সহ উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকা বন্যায় ক্ষতিগ্রস্ত। ১০ নম্বর জাতীয় সড়কে এখনো যান চলাচল স্বাভাবিক হয়নি। নদীর জায়গায় ঘর বাড়ি, জলে ভেসে যাওয়ায় ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছেন বহু মানুষ। আবহাওয়া দপ্তরের পূর্বাভাস অনুযায়ী আরো কয়েকদিন বৃষ্টিপাত হবে ফরে পরিস্থিতি আরো খারাপ হওয়ার আশঙ্কা রয়েছে। এই পরিস্থিতিতে উত্তরবঙ্গের শিলিগুড়িতে উত্তরকন্যায় প্রশাসনিক বৈঠকে যোগ দিতে যাবার সময় দমদম বিমানবন্দরে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী জানান "নেপালের কোশী নদীর জলে উত্তরবঙ্গের বহু এলাকাবাসী হয়েছে। সেই জল বিহার থেকে বাংলায় প্রবেশ করেছে।, অন্যদিকে শংকোস নদীর জলস্তর বৃদ্ধিতে মালদায় বন্যা হয়েছে"।

১০ নম্বর জাতীয় সড়কে ধসের কারণে সিকিমের সাথে যোগাযোগ বিচ্ছিন্ন হয়েছে। আবার একইভাবে সমতলের বিভিন্ন জেলায়ও বন্যা পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করেছে। তিস্তা ব্যারেজ থেকেও জল ছাড়ার ফলে জলপাইগুড়ি সহ বিভিন্ন এলাকায় প্লাবন পরিস্থিতি দেখা দিয়েছে। আবহাওয়া দপ্তর সূত্রে ওই সমস্ত এলাকায় হলুদ সর্তকতা জারি করার পাশাপাশি নদীর তীরবর্তী এলাকা খালি করতে বলা হয়েছে। লাগাতার বর্ষণের জেরে বন্যায় ভেসে গেছে গোটা দেশ। গত তিনদিন ধরে প্রবল বৃষ্টির জেরে বিপর্যস্ত নেপাল। বন্যার মধ্যেই ব্যাপক

এরপর ৩ পাতায়


### 'জঙ্গি' নাসরাল্লার প্রয়াণে

## 'হিন্দু নির্যাতনের সময় কোথায় ছিলেন', তোপ বিজেপির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইজরায়েলি আক্রমণে নিকেশ হয়েছে জঙ্গি গোষ্ঠী হেজবোল্লার শীর্ষ নেতা হাসান নাসরাল্লা। তার মৃত্যুতে শোকাহত পিডিপি সুপ্রিমো মেহবুবা মুফতি। হেজবোল্লা নেতার মৃত্যুর খবর পেয়ে রবিবার তিনি সমস্ত নির্বাচনী কর্মসূচি বাতিল করে দেন। তবে মেহবুবার এই পদক্ষেপ নিয়ে প্রশ্ন তুলেছে তাঁর একদা জোটসঙ্গী বিজেপি।মেহবুবার এই সিদ্ধান্ত প্রকাশ্যে আসতেই তোপ দেগেছে বিজেপি। কাশ্মীরের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী কাবিন্দর গুপ্তর প্রশ্ন, নাসরাল্লার মৃত্যুতে মেহবুবা এত ব্যথিত কেন? বাংলাদেশে যখন হিন্দুদের উপর নির্যাতন হচ্ছে, খুন হতে হচ্ছে তখন তো মেহবুবার মুখে কুলুপ। বিজেপি নেতার সাফ দাবি, এসব কুমিরের কান্নার আসল উদ্দেশ্য মানুষ ঠিকই বুঝতে

এরপর ৩ পাতায়






## মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত',

# (১১৪ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ



**Posted Date:- Sep 29, 2024 : নিউজ সারাদিন : আমার প্রিয় দেশবাসী, নমস্কার। মন কি বাতে ফের একবার যুক্ত হওয়ার সুযোগ হল আমার। আজকের এই পর্ব আমাকে আবেগময় করে তুলেছে, অনেক পুরনো স্মৃতি জেগে উঠছে - কারণ এটাই, যে মন কি বাতের আমাদের এই পথচলার দশ বছর পূর্ণ হচ্ছে। দশ বছর আগে মন কি বাতের সূচনা তেসরা অক্টোবর বিজয়া দশমীর দিনে হয়েছিল, আর এ কত পবিত্র সংযোগ যে এই বছর তেসরা অক্টোবর যখন মন কি বাতের দশ বছর পূর্ণ হবে তখন নবরাত্রির প্রথম দিন হবে। মন কি বাতের এই দীর্ঘ যাত্রার এমন বেশ কিছু ধাপ রয়েছে যেগুলো কখনই ভুলতে পারব না আমি। মন কি বাতের কোটি-কোটি শ্রোতা আমাদের এই যাত্রার এমন সঙ্গী যাঁদের নিরন্তর সহযোগিতা পেয়ে চলেছি আমি। দেশের বিভিন্ন কোণ থেকে তথ্য পাঠিয়েছেন তাঁরা। মন কি বাতের শ্রোতারাই এই অনুষ্ঠানের প্রকৃত সূত্রধর। সাধারণভাবে এমন একটা ধারণা চালু যে যতক্ষণ মুখরোচক আলোচনা না হচ্ছে, নেতিবাচক কথা না হচ্ছে ততক্ষণ সেটা বেশি মনযোগ পায় না। কিন্তু মন কি বাত প্রমাণ করেছে যে দেশের মানুষ সদর্থক তথ্যের জন্য কতটা মুখিয়ে আছেন। সদর্থক আলোচনা, প্রেরণাদায়ী উদাহরণ, উৎসাহ বাড়ায় এমন কাহিনী, খুব পছন্দ করেন মানুষজন। যেমন একটা পাখি আছে, চাতক যার সম্বন্ধে বলা হয় যে সে শুধু বৃষ্টির জলই পান করে। মন কি বাতে আমরা দেখেছি যে মানুষজনও চাতক পাখির মত, দেশের অর্জিত সাফল্য, মানুষের গোষ্ঠীগত সাফল্যের কথা কত গর্বের সঙ্গে শোনেন।**

মন কি বাতের ১০ বছরের যাত্রা এমন এক মালা প্রস্তুত করেছে যাতে প্রত্যেক পর্বে নতুন গাথা, নতুন নতুন কৃতিত্ব, নতুন ব্যক্তিত্বদের কথা যুক্ত হয়েছে। আমাদের সমাজে সমষ্টিগত ভাবনা থেকে যে যে কাজ হচ্ছে সেগুলি মন কি বাত এর মাধ্যমে সম্মানিত হয়। আমার মনও গর্বে ভরে ওঠে যখন আমি মন কি বাতের জন্য আসা চিঠিগুলো পড়ি। আমাদের দেশে কত কত প্রতিভাবান মানুষ আছেন! দেশ আর সমাজের সেবা করার জন্য কি আবেগ তাদের! নিঃস্বার্থভাবে সেবা করার জন্য তাঁরা তাদের সমগ্র জীবন সমর্পণ করেন। তাদের সম্বন্ধে জেনে আমি শক্তিতে, উদ্দীপনায় ভরপুর হয়ে উঠি। মন কি বাতের সম্পূর্ণ প্রক্রিয়াটি আমার কাছে মন্দিরে গিয়ে ঈশ্বর দর্শন করার মতোই। মন কি বাতের প্রতিটি কথা, প্রতিটি ঘটনা, প্রতিটি চিঠি যখন আমি স্মরণ করি, তখন আমার মনে হয় যে, জনতা জনার্দন - যারা আমার কাছে ঈশ্বরের রূপ, আমি যেন তাদের দর্শন করছি।

বন্ধুরা, আমি আজ দূরদর্শন, প্রসার ভারতী এবং অল ইন্ডিয়া রেডিওর সঙ্গে সংযুক্ত সকল মানুষকে আমার অভিনন্দন জানাই। তাদের অক্লান্ত প্রয়াসে মন কি বাত এই গুরুত্বপূর্ণ পর্যায়ে পৌঁছেছে। আমি বিভিন্ন টিভি চ্যানেল ও রিজিওনাল টিভি চ্যানেলদের ধন্যবাদ জানাই যারা ক্রমাগত এই অনুষ্ঠান দেখিয়েছেন। মন কি বাত এর মাধ্যমে আমরা যে প্রসঙ্গগুলো উত্থাপন করেছি সেগুলো নিয়ে অনেক মিডিয়া হাউস প্রচার চালিয়েছেন। আমি প্রিন্ট মিডিয়াকে ধন্যবাদ জানাই কারণ তারা একে ঘরে ঘরে পৌঁছে দিয়েছেন। আমি সেই ইউটিউবারদেরও ধন্যবাদ জানাই যারা মন কি বাতের উপর অনুষ্ঠান করেছেন। মান কি বাত অনুষ্ঠানটি দেশের ২২ টি ভাষার পাশাপাশি ১২ টি বিদেশী ভাষাতেও শোনা যায়। আমি আনন্দিত হই যখন মানুষ বলেন যে তারা মন কি বাত অনুষ্ঠান তাদের স্থানীয় ভাষায় শুনেছেন। আপনাদের মধ্যে অনেকেই নিশ্চয়ই এটা জানেন যে মন কি বাত অনুষ্ঠানের উপর ভিত্তি করে একটি কুইজ কম্পিটিশনও চলছে, যাতে যে কোন ব্যক্তি অংশগ্রহণ করতে পারেন। গুমড়া.রহ-এ গিয়ে আপনি এই কম্পিটিশনে অংশ নিতে পারেন এবং পুরস্কারও জিততে পারেন।

আজ, এই গুরুত্বপূর্ণ পর্যায়ে আমি আপনাদের সকলের কাছে আশীর্বাদ কামনা করছি। শুদ্ধ-চিত্ত ও সম্পূর্ণ সমর্পনের সঙ্গে আমি যেন এভাবেই ভারতবাসীর গৌরবের গান গেয়ে যেতে পারি। দেশের সামগ্রিকতার যে শক্তি তাকে যেন এভাবেই আমরা সবাই celebrate করতে পারি- ঈশ্বরের কাছে এটাই আমার প্রার্থনা, জনতা-জনার্দনের কাছে এটাই আমার প্রার্থনা।

আমার প্রিয় দেশবাসী, গত কয়েক সপ্তাহ ধরে দেশের বিভিন্ন অংশে প্রবল বৃষ্টি হচ্ছে। বর্ষার এই সময় আমাদের মনে করিয়ে দেয় জল সংরক্ষণ কতটা প্রয়োজন, জল সঞ্চিত করে রাখা কতটা গুরুত্বপূর্ণ! বৃষ্টির সময়ে ধরে রাখা জল, জল-সংকটের মাসগুলোয় অনেক উপকারে লাগে, আর এই ভাবনা থেকেই 'catch the rain'-এর মতো প্রচারাভিযানের সূত্রপাত। আমি অত্যন্ত আনন্দিত যে বহু মানুষ জল সংরক্ষণ নিয়ে নতুন করে পথ দেখাচ্ছেন। এরকমই একটি প্রচেষ্টা উত্তরপ্রদেশের ঝাঁসি'তে দেখা গেছে। আপনারা তো জানেনই যে ঝাঁসি বুন্দেলখন্ডে অবস্থিত, যেখানকার পরিচিতি জলসংকটের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। সেখানে, ঝাঁসির কিছু মহিলাদের জন্য ঘুরারী নদী নবজীবন লাভ করেছে। সেই মহিলারা self help group-এর সঙ্গে যুক্ত এবং তাঁরা 'জল সহেলী' হয়ে এই অভিযানের নেতৃত্ব দিয়েছেন। সেই মহিলারা যেভাবে মৃতপ্রায় ঘুরারী নদীকে বাঁচিয়েছেন, সেটা কেউ কল্পনাও করতে পারেননি। সেই 'জল সহেলী'রা বস্তায় বালি ভরে চেকড্যাম তৈরি করেছেন, বৃষ্টির জলের অপচয় বন্ধ করেছেন, আর নদীকে জলে টইটম্বুর করে তুলেছেন। সেই মহিলারা প্রচুর জলাশয় নির্মাণে এবং সেগুলোকে বাঁচিয়ে তোলার ক্ষেত্রে উৎসাহের সঙ্গে অংশ নিয়েছেন। এভাবে সে অঞ্চলের জলের সমস্যা তো দূর হয়েছেই তার সঙ্গে তাদের মুখে খুশীর হাসিও ফুটেছে।

বন্ধুরা, কখনো নারী শক্তি জলশক্তিকে সমৃদ্ধ করে, তো কোথাও জল শক্তি, নারী শক্তিকে সুদৃঢ় করে। আমি মধ্যপ্রদেশের দুটি বড় প্রেরণাদায়ক প্রচেষ্টা সম্বন্ধে জানতে পেরেছি। এখানে ডিন্দরীর রায়পুরা গ্রামে একটি বড় ঝিল নির্মাণের ফলে ভূ-জলস্তর অনেক বেড়ে গেছে। যার সুবিধা এখানকার গ্রামের মহিলারা পেয়েছেন। 'সারদা আজীবিকা স্বর্নিভর গোষ্ঠীর সঙ্গে জড়িত মহিলারা মাছ চাষের মাধ্যমে এক নতুন ব্যবসার সুযোগও পেয়েছেন। এই মহিলারা ফিশ পার্লারও শুরু করেছেন, যেখানে মাছ বিক্রি করার ফলে তাদের আয়ও বৃদ্ধি পেয়েছে। মধ্যপ্রদেশের ছাতারপুর এলাকার মহিলাদের প্রচেষ্টাও অনেক প্রশংসনীয়। এখানকার খোঁপ গ্রামের একটি বড় ঝিল যখন শুকিয়ে যেতে শুরু করে, তখন ওখানকার মহিলারা একে পুনর্জীবিত করার সংকল্প নেন। 'হরি বাগিয়াঁ স্বর্নিভর গোষ্ঠীর' মহিলারা ঝিল থেকে বিশাল মাত্রায় আবর্জনা নিষ্কাশন করেন, আর সেই আবর্জনা অনুর্বর জমিতে ফ্রুট ফরেস্ট তৈরি করার কাজে লাগান। এই মহিলাদের পরিশ্রমের ফলে ঝিলে শুধুমাত্র জলস্তর বৃদ্ধি পায়নি, ফসলের ফলনও অনেক বেড়ে গেছে। দেশের প্রতিটি কোণে হওয়া জল সংরক্ষণের এইরকম প্রচেষ্টা জলের সংকট থেকে বাঁচার জন্য অনেক কার্যকারী হতে চলেছে। আমার সম্পূর্ণ বিশ্বাস যে আপনারা আপনাদের চারপাশে হওয়া এরকম প্রচেষ্টায় নিশ্চয়ই অংশগ্রহণ করবেন।

আমার প্রিয় দেশবাসী উত্তরাখণ্ডের উত্তর কাশিতে এক সীমান্তবর্তী গ্রাম হল ঝালা। এখানকার যুবকেরা নিজেদের গ্রামকে স্বচ্ছ রাখার জন্য একটি বিশেষ উদ্যোগ নিয়েছে।

ওনারা নিজেদের গ্রামে 'ধন্যবাদ প্রকৃতি' বা বলতে পারেন 'thank you nature' অভিযান চালানো শুরু করেছে। এর অধীনে প্রতিদিন দুই ঘণ্টা করে গ্রাম পরিস্কার করার কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গ্রামের রাস্তায় ছড়িয়ে-ছিটিয়ে থাকা আবর্জনা সংগ্রহ করে, সেগুলো, গ্রামের বাইরে, নির্দিষ্ট স্থানে, ফেলে দেওয়া হয়। এরফলে ঝালা গ্রাম পরিস্কার পরিচ্ছন্ন থাকছে এবং গ্রামের মানুষও সচেতন হচ্ছে। একটু ভেবে দেখুন, প্রতিটি গ্রাম, প্রতিটি গলি, প্রতিটি পাড়া যদি একইভাবে 'ঃযধহশ্‌ ড়ঁ' অভিযান শুরু করে দেয়, তাহলে কত বড়ো পরিবর্তন আসতে পারে।

বন্ধুরা, পুদুচেরী সমুদ্র সৈকতে পরিচ্ছন্নতা নিয়ে ব্যাপক প্রচার চালানো হচ্ছে। এইখানে রম্যাজি নামে একজন মহিলা, 'মাহে' পৌরসভা এবং এর আশেপাশের এলাকার যুবাদের নিয়ে গঠিত একটি দলের নেতৃত্ব দিচ্ছেন। এই দলের যুবারা তাদের প্রচেষ্টায় মাহে এলাকা এবং বিশেষ করে সেখানকার সমুদ্র উপকূল সম্পূর্ণ পরিষ্কার রাখছে।

বন্ধুরা, আমি এখানে মাত্র দুটি প্রচেষ্টার কথা আলোচনা করেছি, কিন্তু আমরা যদি চারপাশে তাকাই, তাহলে, দেখতে পাব যে, দেশের প্রতিটি প্রান্তে অবশ্যই 'স্বচ্ছতা' নিয়ে কোনো না কোনো অনন্য প্রচেষ্টা চলছে। আর কিছুদিনের মধ্যে, ২রা অক্টোবর, 'স্বচ্ছ ভারত মিশন' ১০ বছর পূর্ণ করবে। এই বিশেষ সময়টি সেই মানুষগুলিকে অভিনন্দন

এরপর ৪ পাতায়







## বন্যা প্লাবিত উত্তরবঙ্গে দুর্গা পূজার আগেই

# রবিবার ছুটে গেলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়



**বেবি চক্রবর্তী: কলকাতা: নিউজ সারাদিন :** দুর্গাপুজোর প্রাক্কালে ভাসছে উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকা। সমতলের মালদা থেকে পাহাড়ের কালিম্পং, দার্জিলিংয়ে বানভাসী পরিস্থিতি তৈরি হয়েছে। ১০ নম্বর জাতীয় সড়ক বন্ধ করে দেওয়া হয়েছে। ধসের ফলে স্বাভাবিক যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়েছে। এই আবহে আজ, রবিবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রওনা দিলেন উত্তরবঙ্গে। আর উত্তরবঙ্গ সফরের আগে কেন্দ্রীয় সরকারকে তুলোধনা করলেন। তাঁর স্পষ্ট বক্তব্য, বাংলার বন্যা নিয়ে কেউ খোঁজ নেয়নি। নেপালের নদী থেকে জল ছাড়ায় পরিস্থিতির আরও অবনতি হতে পারে বলে আশঙ্কা দেখা দিয়েছে। উত্তরবঙ্গের এই পরিস্থিতির জন্য দুষলেন কেন্দ্রকে। বন্যার ক্ষতিপূরণ নিয়ে রাজ্যের সঙ্গে বঞ্চনা হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।এদিকে উত্তরবঙ্গে দার্জিলিং, কালিম্পংয়ের সঙ্গে মিরিক, সিকিমের যোগাযোগ স্তব্ধ হয়ে পড়েছে। আর উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতির জন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তোপ দাগলেন মমতা বন্দ্যোপাধ্যায়। বাংলার মুখ্যমন্ত্রী বলেন,ফরাক্কা ব্যারাজে ড্রেজিং করে না কেন্দ্রীয় সরকার। তাই পলি জমে গিয়েছে। এই কারণে ওই ব্যারাজে জলধারণের ক্ষমতা কমেছে। রাজ্যের বন্যা পরিস্থিতি মোকাবিলা করার জন্য কেন্দ্রীয় সরকারের থেকে কোনওরকম সাহায্য মেলেনি। একটা টাকাও কেউ দেয়নি। কেউ খোঁজও নেয়নি। কোশী নদীর জলে বানভাসী উত্তরবঙ্গের একাধিক এলাকা। সেই জল বিহার দিয়ে বাংলায় প্রবেশ করতে শুরু করেছে। আর সংকোশ নদীর জলস্তর বৃদ্ধির জেরে মালদায় বন্যা।অন্যদিকে আবহাওয়া দফতরের পূর্বাভাস অনুযায়ী, আগামী কয়েকদিনে বৃষ্টির পূর্বাভাস আছে। ফলে পরিস্থিতি আরও খারাপ হতে পারে। নতুন করে কিছু জায়গা বানভাসী হতে পারে। মুখ্যমন্ত্রীর বক্তব্য,নেপাল থেকে কোশী নদীর জল ছেড়ে দিয়েছে ৫ লক্ষ কিউসেক টন। ওই জল বিহার হয়ে বাংলায় ঢুকছে। সংকোশ নদীর জলে কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি আক্রান্ত। আর নেপালের ছাড়া জল বিহার হয়ে ঢুকতে শুরু করেছে। তার জেরে মালদা, মুর্শিদাবাদ, দক্ষিণ দিনাজপুরের ইটাহারসহ বিস্তীর্ণ এলাকায় প্লাবনের আশঙ্কা রয়েছে। স্থানীয় প্রশাসনকে কয়েকটি নির্দেশ দেওয়া হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী। মাইকিং করে সরে যেতে সতর্ক করা হয়েছে। এছাড়া প্রবল বৃষ্টির জেরে বিপর্যস্ত নেপাল। নাগাড়ে বর্ষণের জেরে বন্যায় ভেসে গিয়েছে গোটা দেশ। পুরো উত্তরবঙ্গ ভাসছে। কেউ খবরও নেয়নি, এক পয়সা দেয়নি। বাংলা একমাত্র রাজ্য, যারা বন্যার ক্ষতিপূরণ থেকে বঞ্চিত।

## জুনিয়র ডাক্তারদের

## লাগাতার হুমকির জের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একাধিকবার বিস্ফোরক মন্তব্য করে সংবাদের শিরোনামে উঠে এসেছেন তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর। আরজি কর কাণ্ডের আবহে জুনিয়র চিকিৎসকদের আন্দোলনের সমালোচনা করার পাশাপাশি তাঁদের হুঁশিয়ারি দেওয়ার অভিযোগও উঠেছে তাঁর বিরুদ্ধে। এবার মুর্শিদাবাদের ভরতপুরের তৃণমূল বিধায়কের বিরুদ্ধে বিরাট পদক্ষেপ নিল আইএমএ। শাসকদলের এই বিধায়কের বিরুদ্ধে এবার সুপ্রিম কোর্টের বিচারপতিকে চিঠি দিল চিকিৎসকদের সংগঠন আইএমএ। জানা যাচ্ছে, উক্ত সংগঠনের যুগ্ম সম্পাদক রঞ্জন ভট্টাচার্য সেই চিঠিতে হুমায়ুনের বিরুদ্ধে থ্রেট কালচার'এর অভিযোগ করে নিজেদের নিরাপত্তা বিষয়টি উল্লেখ করেছেন।সোমবার শীর্ষ আদালতে আরজি কর মামলার শুনানি রয়েছে। সেদিন এই বিষয়টিও উঠে আসতে পারে বলে মনে করা হচ্ছে। যদিও এই চিঠি দেওয়ার বিষয়টিকে হুমায়ুন বিশেষ পাত্তা দিচ্ছেন না বলে খবর। তৃণমূল বিধায়ক বলেন, 'আমরা আইন বানাই। কোনটা আইনসঙ্গত, আর কোনটা নয় সেটা ভালো করে জানি। হুমায়ুন বলেন, 'কারোর জন্য আমায় যদি জেলে যেতে হয়, তাহলে জামিন পাওয়ার পর ৫০,০০০ লোক নিয়ে জমায়েত করব। যদি অপরাধ না করে সাজা পাই, তাহলে ফিরে এসে অপরাধ করতে কুণ্ঠাবোধ করব না'।

## জামিনের পর প্রথম কঙ্কালীতলায় অনুব্রত,

# মায়ের চরণে পুজো দিয়ে কাঁদলেন অঝোরে!



**বোলপুর: নিউজ সারাদিন :** জামিনে মুক্ত হয়ে জেলায় ফেরার পর প্রথমবার মন্দিরে পুজো দিতে গেলেন অনুব্রত মণ্ডল। সঙ্গে কন্যা সুকন্যা ও তাঁর বান্ধবী সুতপা পাল। রবিবার কঙ্কালীতলায় মায়ের চরণে পুজো দিয়ে আবেগপ্রবণ হয়ে পড়েন তিনি। অঝোরে কেঁদে ফেলেন বীরভূমের জেলা তৃণমূল সভাপতি। পুরোহিতরা তাঁকে ঘিরে সামলান।মেয়ে সুকন্যাকে সঙ্গে নিয়ে কঙ্কালীতলায় পুজো দিতে গেলেন অনুব্রত মণ্ডল। এদিনও তাঁকে ঘিরে ছিলেন অনুগামীরা। আর মেয়ে সুকন্যা এক মুহূর্তের জন্য বাবার হাত ছাড়েননি। দিল্লি থেকে ফেরার পর থেকেই সুকন্যা সবসময় তাঁর সঙ্গে রয়েছেন, দেখভাল করছেন অভিভাবকের মতোই। এদিন দেখা গেল, সুকন্যার এক হাত বাবার হাত ধরা আরেক হাত বান্ধবী সুতপার। ২ বছরের কারাবাসে অনুব্রতর শারীরিক অবস্থার বেশ খানিকটা অবনতি হয়েছে। পায়ের

এরপর ৩ পাতায়

## জাতিসংঘে ভারতকে অপমান,
# জবাবে পাকিস্তান সফর বাতিল জয়শংকরের?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৯ বছর পর প্রথম ভারতীয় পররাষ্ট্রমন্ত্রী হিসাবে পাকিস্তানে যাওয়ার কথা ছিল এস জয়শংকরের। তার আগেই জাতিসংঘে কাশ্মীর পরিস্থিতি নিয়ে ভারতকে খোঁচা দিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। তার পর থেকেই প্রশ্ন উঠছে, শাহবাজের এই আক্রমণের প্রভাব কি জয়শংকরের পাকিস্তান সফরে পড়তে পারে?

এসসিও সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরিবর্তে জয়শংকরকে পাঠাতে চেয়েছিল নয়াদিল্লি। আগামী ১৪ ও ১৫ অক্টোবর ইসলামাবাদে এসসিও দেশগুলোর রাষ্ট্রপ্রধানদের সম্মেলন রয়েছে। সেখানে যদি জয়শংকর যান, তাহলে ৯ বছর পর প্রথম ভারতের পররাষ্ট্রমন্ত্রী হিসাবে পাকিস্তানে পা রাখবেন তিনি। ২০১৫ পাকিস্তানে গিয়েছিলেন তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ।

জয়শংকরের সফরের আগেই শুক্রবার জাতিসংঘের সাধারণ সভায় শরিফ দাবি করেন, ভারত অধিকৃত জম্মু ও কাশ্মীরে 'একতরফা' ও 'বেআইনি' কার্যকলাপ চালায়। উদাহরণ হিসেবে তিনি ৩৭০ ধারা প্রত্যাহারের প্রসঙ্গ তোলেন। পাশাপাশি তিনি বলেন, 'ওই এলাকায় পারস্পরিক বোঝাপড়া তৈরির জন্য পাকিস্তানের দেয়া সমস্ত প্রস্তাব উড়িয়ে দিয়েছে ভারত। ওদের নেতৃত্ব নিয়ন্ত্রণরেখা পেরনো এবং আজাদ কাশ্মীরের দখল নেয়ার হুমকি দেয়।'

ওয়াকিবহাল মহলের মতে, এসসিও সম্মেলনের আগে পাকিস্তানের সঙ্গে ভারত সমস্যায় যেতে চায় না। কারণ পাকিস্তান ছাড়াও এসসিও সম্মেলনে হাজির থাকবে চীন-রাশিয়ার মতো দেশগুলো। পাকিস্তানকে জবাব দিতে গিয়ে এই দেশগুলোর সঙ্গে সম্পর্কের অবনতি ঘটাতে চায় না নয়াদিল্লি। তাহলে কি কাশ্মীর প্রসঙ্গে জাতিসংঘে 'খোঁচা খাওয়ার' পরেও ভারত কড়া বার্তা দেবে না পাকিস্তানকে? কী বলবেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী? নজর রাখছে কূটনৈতিক মহল।

১-ম পাতার পর

# নির্যাতিতার দেহে আঘাত সহ একাধিক প্রশ্নের উত্তর খুঁজতে মরিয়া সিবিআই

পারে। এই জন্য একাধিকবার ময়নাতদন্তকারী চিকিৎসক অপূর্ব বিশ্বাস এবং মর্গের ডোমসহ অন্য কর্মীদেরও সি জি ও কমপ্লেক্সে ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

অন্যদিকে বাজেয়াপ্ত হওয়া দুটি মোবাইলকে ফরেনসিক পরীক্ষায় পাঠানো হয়েছে। বিশেষ সূত্রের খবর ওই দুটি মোবাইল এর মধ্যে একটি ছিল আরজিকরের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের ঘনিষ্ঠ প্রভাবশালী চিকিৎসকের। তবে তদন্তকারীরা জানতে পেরেছেন ওই দুটি মোবাইল থেকে অনেক ছবি, কল রেকর্ডিং এবং মেসেজ ডিলিট করা হয়েছে। ষড়যন্ত্রের অনেক তথ্য সহ প্রমান লোপাট ওই মোবাইল দুটিতে থাকতে পারে বলে সিবিআই মনে করছে।

আর জি কর হাসপাতালের ধৃত প্রাক্তন অধ্যক্ষ ডাক্তার সন্দীপ ঘোষ যে ষড়যন্ত্র ও প্রমাণ লোপাট করেছিলেন তার বহু তথ্য তদন্তকারী সংস্থার হাতে এসেছে। সেগুলি আদালতে পেশ করাও হয়েছে। সিবিআইয়ের আনা সেই অভিযোগগুলি যদি প্রমাণিত হয় তাহলে প্রমাণ লোপাট ও ষড়যন্ত্র মামলায় সন্দীপ ঘোষের শাস্তি হিসেবে মৃত্যুদণ্ড হতে পারে।একটি নির্দেশনামায় বিচারক লিখেছেন " অভিযোগের মাত্রা গুরুতর। এই অভিযোগ প্রমাণিত হলে তাহলে ক্যাপিটাল পানিশমেন্ট হতে পারে। বিরলের মধ্যে বিরলতম মামলায় যে শাস্তি হয়। তাই এই অভিযোগে জামিন দেওয়া অন্যায় হবে"।

১-ম পাতার পর

# কোশি নদীর জলে উত্তরবঙ্গ ভেসে যাওয়ায় প্রশাসনিক বৈঠক করতে উত্তরবঙ্গ গেলেন মুখ্যমন্ত্রী

ভূমিধসের কবলে পড়েছে ওই সমস্ত এলাকার মানুষজন। রাজধানী কাঠমান্ডুসহ একাধিক এলাকা ধ্বংস স্তূপে পরিণত হয়েছে। এই পরিস্থিতিতেই এখনো পর্যন্ত নেপালে ১১২ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। এই পরিস্থিতিতে উত্তরবঙ্গে যাবার আগে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দমদম বিমানবন্দরে আরো বলেন " কোশী নদীর জলে বিহারেও এবার বন্যা পরিস্থিতি। আর বিয়ার হয়ে এ রাজ্যে উত্তরের দিকটায় জল ঢুকছে। দক্ষিণ দিনাজপুরেও প্লাবন তৈরি হতে পারে। সতর্ক থাকতে হবে। এক নেপালের জলে বাংলা বিহার ভাসছে আর ফারাক্কায় তো ড্রেজিংই হয় না"। মালদার মানিকচকে বন্যা পরিস্থিতি আরো অবনতির আশঙ্কা। নেপালের কোশি ও গণ্ডক নদীর জল ছড়ায় সেই জল বিহার হয়ে বাংলায় ঢুকতে শুরু করছে। ফলে মানিকচকে ভূতনি সহ বিস্তীর্ণ এলাকা আবার প্লাবিত হবার আশঙ্কা।, মানিকচকেই শনিবার ত্রান নিয়ে গিয়েছিলেন মন্ত্রী ফিরাধ হাকিম। বন্যা কবলিত এলাকা পরিদর্শন করে মন্ত্রী ফিরাদ হাকিম ফিরে আসার পর অভিযোগ ওঠে ত্রাণ কার্যত লুটপাট হয়ে যায়। ত্রাণ না পাওয়ার অভিযোগ তোলেন ভূতনিরচরের বাসিন্দারাদের একাংশ।

১-ম পাতার পর

# 'জঙ্গি' নাসরাল্লার প্রয়াণে শোকাহত মেহবুবা, 'হিন্দু নির্যাতনের সময় কোথায় ছিলেন', তোপ বিজেপির

পারবেন। উল্লেখ্য, মঙ্গলবার কাশ্মীরে তৃতীয় দফার নির্বাচন রয়েছে। তার আগেই নিজেকে প্রচার থেকে সরিয়ে নিলেন মেহবুবা।নাসরাল্লার মৃত্যুতে কেন শোক করছেন মেহবুবা, প্রশ্ন গেরুয়া শিবিরের।

শুক্রবার থেকে লেবাননে ব্যাপক হামলা করে ইজরায়েল। হেজবোল্লা প্রধান হাসান নাসরাল্লাকে নিকেশ করাই ইজরায়েলি সেনার উদ্দেশ্য ছিল। সেই জন্য জঙ্গিগোষ্ঠীর সদর দপ্তর লক্ষ্য করে চলেছে হামলা। শনিবার সকালে খবর মেলে, মৃত্যু হয়েছে নাসরাল্লার কন্যা জাইনাবের। সদর দপ্তরের ধ্বংসাবশেষ থেকে তাঁর দেহ উদ্ধার হয়েছে। খবর ছড়ানোর কয়েক ঘণ্টার মধ্যেই ইজরায়েলি সেনার তরফে জানিয়ে দেওয়া হয়, নাসরাল্লার মৃত্যু হয়েছে। দীর্ঘদিন ধরে পরিকল্পনা করে নাসরাল্লাকে নিকেশ করা হয়েছে বলে জানান ইজরায়েলের সেনাপ্রধান হারজি হালেভি।নাসরাল্লার মৃত্যুর খবর পেয়েই নিজের নির্বাচনী কর্মসূচি বাতিল করে দেন জম্মু-কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী। এক্স হ্যান্ডেলে পোস্ট করে তিনি লেখেন, "লেবানন এবং গাজার সমস্ত শহিদকে আমার শ্রদ্ধা জানাই, বিশেষত হাসান নাসরাল্লাকে। সেই কারণে রবিবারের সমস্ত নির্বাচনী প্রচার বাতিল করছি। প্যালেস্টাইন এবং লেবাননের এই কঠিন সময়ে সেখানকার মানুষের পাশে রয়েছি।" উল্লেখ্য, শনিবার নাসরাল্লার মৃত্যুর খবর পেয়েই ইজরায়েল বিরোধী বিক্ষোভ শুরু হয় শ্রীনগরে।

২ পাতার পর

# জামিনের পর প্রথম কঙ্কালীতলায় অনুব্রত, মায়ের চরণে পুজো দিয়ে কাঁদলেন অঝোরে!

সমস্যা বেড়েছে। চিকিৎসার জন্য তাঁর কলকাতায় আসার কথা। জেলায় ফিরে গিয়ে পুজোর পর থেকে সংগঠনের কাজে নামবেন তিনি। শনিবার অনুব্রতর সঙ্গে দেখা করার পর এমনই জানিয়েছিলেন তাঁর 'শিষ্য' তথা বীরভূম জেলা পরিষদের সভাধিপতি কাজল শেখ। অনুব্রত নিজে অবশ্য এ বিষয়ে এখনও কোনও মন্তব্য করেননি।এদিন নিজের পরিবারের পাশাপাশি অনুব্রত পুজো দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং মেয়ের বান্ধবী সুতপার নামেও।

রবিবার দুপুরে ৫১ পীঠের এক পীঠ কঙ্কালীতলায় পুজো দিতে যান অনুব্রত। এই মন্দির তাঁর বাড়ির কাছেই। মন্দিরে ঢুকে কান্নায় ভেঙে পড়েন তিনি। তাঁকে সামলান পুরোহিতরা। পরে অবশ্য আবেগ সামলে নেন তিনি। পুজো দেওয়ার পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে জেলা তৃণমূল সভাপতি জানান, "মুখ্যমন্ত্রী সমস্ত সতীপীঠকে সাজিয়েছেন। এমন কোনও পীঠস্থান নেই যেখানে মমতা বন্দ্যোপাধ্যায় আর্থিক সাহায্য করেননি। তিনি বক্রেশ্বরেও টাকা দিয়েছেন, পাথরচাপড়িতে টাকা দিয়েছেন। আমি বীরভূম জেলায় সমস্ত মন্দিরেই যাব। কঙ্কালীতলায় বাকি যা কাজ আছে, পুজোর পরে করে দেওয়া হবে।"

## একাধিক দেশেই 'নিষিদ্ধ', নাসরাল্লাহ-র মৃত্যুর পরই
# হিজবুল্লার দায়িত্ব আরও ভয়ঙ্কর ব্যক্তির হাতে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হিজবুল্লা প্রধান হাসান নাসরাল্লাহ-কে নিকেশ করেছে ইজরায়েলি সেনা। একদিকে যেখানে লেবানন, ইরানে শোকের ছায়া, সেখানেই বিজয়োৎসব চলছে ইজরায়েলে। হিজবুল্লা প্রধানের নিকেশের একদিন পরই বড় ঘোষণা। হাসিম সাফিইদ্দিন-কে হিজবুল্লার পরবর্তী প্রধান হিসাবে ঘোষণা করা হল।জানা গিয়েছে, নাসরাল্লাহ-র সঙ্গে চেহারার সঙ্গে ব্যাপক মিল রয়েছে হাসিমের। খুড়তুতো ভাইয়ের হাত ধরেই হিজবুল্লায় যোগ দেয়। ১৯৯০-র দশক থেকেই শোনা গিয়েছিল নাসরাল্লাহ-র উত্তরসূরী হবেন হাসিম। সেই কারণেই ইরান থেকে মাঝপথে পড়াশোনা ছাড়িয়ে বেইরুটে ফিরিয়ে আনা হয়।

২০১৭ সালে আমেরিকা সাফিইদ্দিনকে জঙ্গি হিসাবে ঘোষণা করে। সৌদি আরবও তাঁকে ব্লয়াকলিস্ট করে দেয়। সাফিইদ্দিন মূলত হিজবুল্লার রাজনৈতিক বিষয় দেখত। জিহাদ কাউন্সিলেরও সদস্য় তিনি। ইরানের সঙ্গেও তাঁর নিবিড় সম্পর্ক। তিনি ইরানের সেনা প্রধান কাশেম সোলেমানির কন্যার শ্বশুর।চলতি সপ্তাহেই বেইরুটে এয়ারস্ট্রাইক চালিয়ে নিকেশ করে ইজরায়েল সেনা। এরপর থেকেই জল্পনা চলছিল, হিজবুল্লার দায়িত্ব এবার কার ঘাড়ে বর্তাবে। আজ জানা যায়, হাসিম সাফিইদ্দিন-কে হিজবুল্লার প্রধান পদে বসানো হচ্ছে। তিনি নাসরাল্লাহ-র খুড়তুতো ভাই। এর আগে শনিবারই সাফিইদ্দিনের মৃত্যুর খবর রটেছিল। কিন্তু রয়টার্স সূত্রে খবর, সাফিইদ্দিন বেঁচে রয়েছেন।

## মুম্বাইয়ে সন্ত্রাসী হামলার
# সতর্কতা জারি, নিরাপত্তা জোরদার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের পশ্চিমাঞ্চলীয় রাজ্য মহারাষ্ট্রের মুম্বাইয়ে সন্ত্রাসী হামলার সতর্কতা জারি করা হয়েছে। নিরাপত্তা সংস্থাগুলোর দাবি, মুম্বাইয়ের একাধিক জায়গায় সন্ত্রাসীরা হামলার পরিকল্পনা করেছে বলে তারা খবর পেয়েছে। আর এরপরই ভারতের অত্যন্ত গুরুত্বপূর্ণ এই শহরজুড়ে নিরাপত্তা জোরদার করা হয়েছে। - এনডিটিভি।

প্রতিবেদনে বলা হয়েছে, ভারতের কেন্দ্রীয় সংস্থাগুলো সম্ভাব্য সন্ত্রাসী হামলার হুমকি সম্পর্কে সতর্ক করার পরে মুম্বাইয়ের পুলিশ জনাকীর্ণ এলাকায় নিরাপত্তা জোরদার করেছে। পুলিশ সূত্রে জানা গেছে, মুম্বাইয়ের অনেক ধর্মীয় স্থান এবং অন্যান্য জনাকীর্ণ স্থানে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। এছাড়া পুলিশ সদস্যদের ধর্মীয় এবং জনাকীর্ণ স্থানে "মক ড্রিল" পরিচালনা করতেও বলা হয়েছে বলেবেশ কয়েকটি সূত্র জানিয়েছে। শহরের ডিসিপিদের (পুলিশ কমিশনার) তাদের নিজ নিজ জোনে নিরাপত্তা ব্যবস্থার দিকে বিশেষ নজর দিতে বলা হয়েছে।

সূত্রগুলো আরও বলেছে, শহরের মন্দিরগুলোকে সতর্ক থাকতে এবং সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে কোনও সন্দেহজনক কার্যকলাপের বিষয়ে রিপোর্ট করার নির্দেশ দেওয়া হয়েছে। সিদ্ধিবিনায়ক মন্দির ট্রাস্টের চেয়ারম্যান সদা সর্বঙ্কর এনডিটিভিকে বলেন, "মুম্বাই পুলিশ আমাদের মন্দিরের নিরাপত্তা বাড়াতে বলেছে। আমাদের সমস্ত নিরাপত্তা ব্যবস্থার দিকে মনোযোগ দিতেও বলা হয়েছে।"

গত শুক্রবারও জনাকীর্ণ ক্রফোর্ড মার্কেট এলাকায় মক ড্রিল করেছে পুলিশ। সেখানে দুটি বিখ্যাত ধর্মীয় স্থান রয়েছে। কর্মকর্তারা অবশ্য বলেছেন, উৎসবের মৌসুমের আগে এটি কেবলই একটি নিরাপত্তা মহড়া। মুম্বাইয়ে চলতি মাসে ১০ দিনের "গণেশ চতুর্থী" উৎসব উদযাপন করেছে সেখানকার বাসিন্দারা। আর এখন দুর্গাপূজা, দশেরা এবং দীপাবলির জন্য প্রস্তুতি নিচ্ছেন তারা। এছাড়া ২৮৮ আসনের মহারাষ্ট্র রাজ্য বিধানসভার নির্বাচন আগামী নভেম্বরে অনুষ্ঠিত হতে পারে।

# হিজবুল্লাহ প্রধানের মৃত্যুতে ভারতের জম্মু-কাশ্মীরে প্রতিবাদ মিছিল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইসরায়েলের হামলায় হিজবুল্লাহ প্রধান হাসান নাসরুল্লাহের নিহত হওয়ার ঘটনায় ভারতের জম্মু-কাশ্মীরে প্রতিবাদ মিছিল হয়েছে। লেবাননের বৈরুতে ইসরায়েলের হামলার নিন্দা জানিয়ে গতকাল শনিবার জম্মু-কাশ্মীরের বুদগামে রাস্তায় নামেন স্থানীয় মানুষ।

হিজবুল্লাহ প্রদানের ছবি হাতে নিয়ে সে মিছিলে অংশ নিতে দেখা যায় নারী ও শিশুদেরও। ইসরায়েলের হামলায় ৬৪ বছর বয়সী সশস্ত্র সংগঠন হিজবুল্লা প্রধানের নিহত হওয়ার ঘটনায় শ্রীনগরের ওল্ড সিটি, হাসানাবাদ, রায়নাওয়ারী, সাইদাকাদাল, মীর বেহরি, আশাইবাগসহ বেশ কিছু এলাকাতেও একইভাবে প্রতিবাদ মিছিল হয়েছে।

ওই মিছিল থেকে হিজবুল্লাহ এবং ফিলিস্তিনের সমর্থনে স্লোগানও দেওয়া হয়। প্রতিবাদী এই মিছিলের ফলে খান্নার-হযরতবাল ক্রসিংসহ একাধিক এলাকায় ব্যাপক যানজটের সৃষ্টি হয়। এই মিছিলকে কেন্দ্র করে যাতে কোনোরকম অপ্রীতিকর ঘটনা না ঘটে সেদিকে লক্ষ্য রেখে পুলিশি নিরাপত্তাও মোতায়েন করা হয়েছিল।

অন্যদিকে, ফিলিস্তিনি এবং লেবাননে সহিংসকবলিত মানুষদের প্রতি সমর্থন জানিয়ে আজ রবিবারের নির্বাচনী প্রচারণা বাতিল করেছে সেখানকার স্থানীয় রাজনৈতিক দল পিপলস ডেমোক্রেটিক পার্টি (পিডিপি)।

জম্মু-কাশ্মীরের সাবেক মুখ্যমন্ত্রী ও পিডিপি সভানেত্রী মেহেবুবা মুফতি ঘোষণা দিয়েছেন, চলমান বিধানসভা নির্বাচন উপলক্ষে রবিবার কোনো নির্বাচনী প্রচারণায় অংশ নেবে না তার দল। এই ঘোষণা দিয়ে এক্স হ্যান্ডেলে মেহেবুবা জানিয়েছেন, হাসান নাসারুল্লাহসহ লেবানন এবং গাজায় যারা শহীদ হয়েছেন তাদের প্রতি সহমর্মিতা জানিয়ে আমি রবিবারের নির্বাচনী প্রচার বাতিল করেছি। আমরা ফিলিস্তিনি এবং লেবাননের মানুষের এই দুঃখের দিনে তাদের পাশে রয়েছি।'

উল্লেখ্য, গত শুক্রবার ইসরায়েলের বিমান হামলায় নিহত হন লেবাননের সশস্ত্র সংগঠন হিজবুল্লাহর প্রধান হাসান নাসারুল্লাহ। ইসরায়েল দাবি করেছে, এই হামলায় হিজবুল্লাহ প্রধানের মৃত্যু হয়েছে। পরে হিজবুল্লাহর তরফেও তার মৃত্যুর খবর নিশ্চিত করা হয়।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৬৭ সংখ্যা ৩০ সেপ্টেম্বর, ২০২৪ সোমবার ১৩ আশ্বিন, ১৪৩১

## 'বন্যা মোকাবিলায় টাকা দেয় না, ফরাক্কা ব্যারেজ ড্রেজিং করে না', কেন্দ্রকে আক্রমণ মমতার



**শিলিগুড়ি: নিউজ সারাদিন :** বন্যা, ধসে বিধ্বস্ত উত্তরের জেলাগুলি। পরিস্থিতি খতিয়ে দেখতে রবিবার শিলিগুড়ি পৌঁছন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শিলিগুড়ির উত্তরকন্যায় বৈঠক করেন তিনি। এরপরই সাংবাদিক বৈঠকে বন্যা মোকাবিলায় কেন্দ্রীয় সাহায্য না পাওয়া নিয়ে সরব হন তিনি। বন্যায় ফসলের ক্ষতি হওয়ায় শস্যবিমার সময় ৩১ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানান।

দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গের একাধিক জেলা বন্যায় বিপর্যস্ত। রাজ্যে বন্যা নিয়ে ডিভিসিকে আক্রমণ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছিলেন মুখ্যমন্ত্রী। সেই চিঠিতে বন্যা মোকাবিলায় কেন্দ্রীয় সাহায্য চেয়ে প্রধানমন্ত্রীর কাছে আবেদন জানান তিনি। কিন্তু, বন্যা মোকাবিলায় কেন্দ্রীয় সাহায্য পাওয়া যায়নি বলেও সরব হন মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, "কেন্দ্র বন্যা মোকাবিলায় টাকা দেয় না। ফরাক্কা ব্যারেজ ড্রেজিং করে না।" প্রধানমন্ত্রীকে চিঠি লিখলে প্রতিমন্ত্রীরা জবাব দেন বলে মন্তব্য করেন মুখ্যমন্ত্রী।

জলপাইগুড়ির টাকিমারি সংলগ্ন এলাকায় ২ দিন আগে হুকিংয়ের সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে একই পরিবারের ৪ জনের মৃত্যু হয়। ওই পরিবারের দুই সদস্য এদিন মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেন। তাঁদের ৫ লক্ষ ও ৩ লক্ষ টাকা সাহায্য করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান। গতকাল শিলিগুড়ির বিধান মার্কেটে ৬টি দোকান পুড়ে গিয়েছে। সেই দোকানগুলির মালিকদের আর্থিক সাহায্যের ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। এদিন গ্রামীণ রাস্তা সংস্কারে তিনি জোর দেন। বিধায়ক, সাংসদদের গ্রামীণ রাস্তা তৈরির নির্দেশ দেন। মমতা বলেন, "সাংসদ, বিধায়করা গ্রামীণ রাস্তা করবে। বাকি আমরা করব।" এদিন মুখ্যমন্ত্রী আরও বলেন, পুজো বলে মানুষের কাছ থেকে দূরে সরে যাওয়া যাবে না। বন্যাত্রাণ নিয়ে মানুষের পাশে দাঁড়াতে হবে। পুলিশের কাজেরও এদিন প্রশংসা করেন তিনি।

## সম্পাদকীয়

### অভিষেকের অভিযোগের পরেও ফিরহাদের ওএসডির বিরুদ্ধে তদন্ত কিছুই এগোল না

তিন দিন আগেই ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায় কলকাতা পুলিশের কাছে অভিযোগ জানিয়েছিলেন যে, মেয়র ফিরহাদ হাকিমের ওএসডি কালীচরণ বন্দ্যোপাধ্যায় তাঁর নাম করে টাকা তুলছেন।তৃণমূলের এক শীর্ষনেতার কথায়, মেয়র ঘনিষ্ঠ কেউ কেউ এটা চাউর করে দিতে চাইছেন, যে যেহেতু অভিষেক ফিরহাদ হাকিমকে পছন্দ করেন না, তাই এমনটা করেছেন। কিন্তু এটা কোনও যুক্তিই নয়। এ কথা বলে অভিযোগকে লঘুতর করে দেওয়ার চেষ্টা হচ্ছে। প্রশ্ন হল, কালীচরণের বিরুদ্ধে লাগাতার এবং সুনির্দিষ্ট অভিযোগ না থাকলে কি অভিষেকের মতো রাজনৈতিক উচ্চস্থানে থাকা কোনও নেতা থানায় অভিযোগ করতেন?

এ ব্যাপারে প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ বলেন, 'যেখান থেকে অভিযোগ উঠেছে, সেই অফিসের মর্যাদা ও উচ্চতা রয়েছে। আবার যাঁর বিরুদ্ধে অভিযোগ, তাঁর পদেরও গুরুত্ব রয়েছে। সুতরাং এ ব্যাপারে পুলিশ ও পুরসভা নিশ্চয়ই তদন্ত করে দেখবে। এর বাইরে আর কোনও মন্তব্য করব না।'কয়েকজন ব্যবসায়ী ও প্রোমোটারকে অভিষেকের নাম নিয়ে কালীচরণ প্রচ্ছন্ন হুমকি পর্যন্ত দিয়েছেন বলে অভিযোগ। কিন্তু সূত্রের খবর, ৭২ ঘণ্টা পরেও সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত কার্যত কিছুই এগোয়নি।

অভিষেকের অফিসের তরফে এ ব্যাপারে শেক্সপিয়ার সরণী থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছিল। তার ভিত্তিতে পুলিশ কালীচরণকে আদৌ জেরা করেছে কিনা বা জিজ্ঞাসাবাদের জন্য ডেকেছে কিনা তা জানতে রবিবার দুপুরে শেক্সপিয়ার সরণী থানার ওসিকে ফোন করা হয়েছিল। কিন্তু ওসি ফোন ধরেননি বা টেক্স মেসেজের উত্তর দেননি। আবার ডিসি সাউথ প্রিয়ব্রত রায় এ বিষয়ে বলেন, 'এ ব্যাপারে এখন কিছু বলা যাবে না।' তবে কলকাতা পুলিশের এক সিনিয়র আইপিএস অফিসার জানিয়েছেন, তদন্ত সেরকম এগোয়নি বললেই চলে। 'ইন্টারনাল এনকোয়ারি' করা হয়েছে মাত্র।

অভিষেক বন্দ্যোপাধ্যায় ডায়মন্ড হারবারের সাংসদ ছাড়াও তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। তিনি অভিযোগ দায়ের করার ৭২ ঘণ্টার মধ্যেও পুলিশি তদন্ত না এগোনোয় প্রশ্ন উঠতে শুরু করেছে দলের মধ্যেও। রাজ্যের শাসক দলের দ্বিতীয় শক্তিধর নেতা অভিষেক। মমতা বন্দ্যোপাধ্যায়ের পরেই তাঁর অবস্থান। অনেকের মতে, অভিষেকের অভিযোগের পরেও যদি তদন্ত বিশেষ না এগোয়, তাহলে কোনও ব্যবসায়ী বা প্রমোটার অভিযোগ করলে আদৌ কি সাড়া পেতেন? সাধারণ মানুষের কাছেই বা এর কী বার্তা যাচ্ছে? এ ব্যাপারে সদ্য তৃণমূল ছেড়ে যাওয়া রাজ্যসভার সাংসদ জহর সরকার বলেন, 'অভিষেক বন্দ্যোপাধ্যায়ের অভিযোগের ভিত্তিতে হাতেগরম ব্যবস্থা নেওয়া দরকার ছিল। যাঁর বিরুদ্ধে অভিযোগ তাঁকে তৎক্ষণাৎ সরিয়ে দিয়ে পুলিশ ও প্রশাসনিক তদন্ত দু'টিই শুরু হওয়া উচিত ছিল।' জহর সরকার আরও বলেন, 'পুলিশ নিশ্চয়ই কারও নির্দেশের অপেক্ষা করছে। তবে মনে রাখতে হবে পুলিশ ও প্রশাসনের উপর যে অনাস্থা তৈরি হয়েছে, তা ফেরাতে এটাই সুযোগ। এ সব অভিযোগের পর দ্রুত পদক্ষেপ করলে তবেই মানুষের আস্থা ফেরানো সম্ভব হবে।'

তাঁর ওএসডি কালীচরণ বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে অভিযোগ দায়েরের কথা শুনে মেয়র ফিরহাদ হাকিম শুক্রবার বলেছিলেন, 'থানায় না গিয়ে আমাকে জানাতে পারত, আমি বিভাগীয় তদন্ত করে দেখতাম।' মেয়র এও দাবি করেছিলেন, অভিযোগের কোনও ভিত্তি নেই। সুতরাং কালীচরণকে সরানোর প্রশ্ন নেই। শুক্রবার কালীচরণ অন্যান্য দিনের মতোই পুরসভায় এসেছিলেন। ফিরহাদ হাকিমের এ কথা শুনে সাধারণের মধ্যে এমনকি তৃণমূলের ভিতরেও দুটি মৌলিক প্রশ্ন উঠেছে। এক, তাঁর ওএসডির বিরুদ্ধে অপরাধমূলক কাজের অভিযোগ উঠেছে। সুতরাং থানায় যাবে না কেন? ফৌজদারি অভিযোগের তদন্তের এক্তিয়ার কি পুরসভার রয়েছে? দুই, মেয়র নিজেই যখন বলছেন, অভিযোগের ভিত্তি নেই, তখন তাঁর কাছে গিয়ে আদৌ কোনও সুরাহা পাওয়া যেত কি?

তৃণমূলের এক শীর্ষনেতার কথায়, মেয়র ঘনিষ্ঠ কেউ কেউ এটা চাউর করে দিতে চাইছেন, যে যেহেতু অভিষেক ফিরহাদ হাকিমকে পছন্দ করেন না, তাই এমনটা করেছেন। কিন্তু এটা কোনও যুক্তিই নয়। এ কথা বলে অভিযোগকে লঘুতর করে দেওয়ার চেষ্টা হচ্ছে। প্রশ্ন হল, কালীচরণের বিরুদ্ধে লাগাতার এবং সুনির্দিষ্ট অভিযোগ না থাকলে কি অভিষেকের মতো রাজনৈতিক উচ্চস্থানে থাকা কোনও নেতা থানায় অভিযোগ করতেন?

## সতীপীঠের অন্যতম কামাখ্যা



-: মৃত্যুঞ্জয় সরদার :-

সেই মূর্তিটি পরবর্তীকালে এখানে স্থাপিত হয়। সেই কক্ষের দেয়ালে নরনারায়ণ, অন্যান্য দেবদেবী এবং তৎসম্পর্কিত শিলালেখ খোদিত আছে। মাঝের কক্ষটিই মূল গর্ভগৃহে নিয়ে যায়। সেটি গুহার আকৃতিবিশিষ্ট। সেখানে কোনো মূর্তি নেই। শুধু যোনি আকৃতিবিশিষ্ট পাথর এবং ভূগর্ভস্থ প্রস্রবনটি আছে। প্রতিবছর গ্রীষ্মকালে অম্বুবাচী মেলার সময় কামাখ্যা দেবীর ঋতুমতী হওয়ার ঘটনাকে উদযাপন করা হয়। **ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(দশম পর্ব)



বরুণালয়ে।

যমালয়ে কালরুপা কুবেরভবনে শুভা।

মহানন্দাগ্নিকোণে চ বায়ব্যাং মৃগবাহিনী।।

নৈঋত্যাং রক্তদন্তাচ ঐশান্যাং শূলধারিনী।

পাতালে বৈষ্ণবীরূপা সিংহলে দেবমোহিনী।

সুরসা চ মণিদ্বীপে লঙ্কায়াং ভদ্রকালিকা।।

রামেশ্বরী সেতুবন্ধে বিমলা পুরুষোত্তম।

বিরজা ঔড্রদেশে চ কামাক্ষ্যা নীলপর্বতে।।

কালিকা বঙ্গদেশে চ অযোধ্যায়াং মহেশ্বরী।

বারাণস্যামন্নপূর্ণা গয়াক্ষেত্রে গয়েশ্বরী।।

কুরুক্ষেত্রে ভদ্রকালী ব্রজে কাত্যায়নী পরা।

দ্বারকায়াং মহামায়া মথুরায়াং মাহেশ্বরী।।

ক্ষুধা ত্বং সর্ব্বভূতানাং বেলা ত্বং সাগরস্য চ।

নবমী শুক্লপক্ষস্য কৃষ্ণাস্যৈকাদশী পরা।।

দক্ষস্য দুহিতা দেবী দক্ষযজ্ঞবিনাশিণী।

রামস্য জানকী ত্বং হি

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

২ পাতার পর

# মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 'মন কি বাত', (১১৪ তম পর্ব) অনুষ্ঠানের বাংলা অনুবাদ

জানানোর সময়, যাঁরা এই অভিযানকে ভারতীয় ইতিহাসে এত বৃহৎ গণআন্দোলনে পরিণত করেছেন। এটি মহাত্মা গান্ধীজির প্রতিও সশ্রদ্ধ শ্রদ্ধাঞ্জলি, যিনি সারা জীবন এই উদ্দেশ্যে নিজেকে সমর্পিত করেছিলেন।

বন্ধুরা, আজ এটি 'স্বচ্ছ ভারত মিশন'-এর সাফল্য যে 'waste to wealth' মন্ত্রটি মানুষের মধ্যে জনপ্রিয় হয়ে উঠছে। লোকেরা 'Reduce, Reuse এবং Recycle' সম্পর্কে কথা বলতে শুরু করেছেন, এই নিয়ে উদাহরণও দিচ্ছেন ।

এখন যেমন কেরলের কোঝিকোডে একটি অসাধারণ প্রচেষ্টার কথা আমি জানতে পারলাম। এখানে ৭৪ বছর বয়সী সুব্রহমনিয়ন বাবু ২৩ হাজারের বেশি চেয়ার সারাই করে আবার তাদের ব্যবহার-যোগ্য করে তুলেছেন। মানুষ তো তাঁকে reduce, reuse, recycle, অর্থাৎ RRR (triple R) Champion বলেও ডাকেন। ওঁর এই অনন্য প্রয়াসগুলি কোঝিকোডের সিভিল স্টেশন, চডউ এবং খওঈ-র দপ্তরে দেখতে পাওয়া যেতে পারে।

বন্ধুরা, স্বচ্ছতা নিয়ে চলতে থাকা এই অভিযানের সঙ্গে অধিক থেকে অধিকতর মানুষকে জুড়তে হবে এবং এটি এমন একটি অভিযান যা কোন এক দিন বা এক বছরের নয়, এটি যুগ-যুগ ধরে নিরন্তর করে যাওয়ার মত একটি কাজ। যতদিন না 'স্বচ্ছতা' আমাদের অভ্যাসে পরিণত হচ্ছে ততদিন কাজ করে যেতে হবে ।

আমার আপনাদের কাছে অনুরোধ আপনারা নিজেদের পরিবার, বন্ধুবান্ধব, প্রতিবেশীদের বা সহকর্মীদের সঙ্গে মিলিত হয়ে স্বচ্ছতা অভিযানে অবশ্যই অংশগ্রহণ করুন। আমি আরেকবার আপনাদের সবাইকে স্বচ্ছ ভারত মিশনের সাফল্যের জন্য অভিনন্দন জানাচ্ছি।

আমার প্রিয় দেশবাসী আমারা সবাই নিজেদের ঐতিহ্য নিয়ে গর্ববোধ করি । এবং আমি তো সবসময়ই বলি, "বিকাশ ভি, বিরাসত ভি", অর্থাৎ "প্রগতি-ও, ঐতিহ্য-ও"।

এই কারণেই আমার সাম্প্রতিক আমেরিকা সফরের একটি বিশেষ দিক নিয়ে আমি বহু বার্তা পাচ্ছি। আরো একবার আমাদের প্রাচীন শিল্পকর্মের প্রত্যাবর্তন নিয়ে অনেক চর্চা হচ্ছে।

আমি এই ব্যাপারটি নিয়ে আপনাদের অনুভূতিগুলি বুঝতে পারছি এবং মন কি বাতের শ্রোতাদের এই বিষয়ে বলতেও চাই।

বন্ধুরা, আমার আমেরিকা সফরের সময় মার্কিন সরকার ভারতবর্ষকে প্রায় ৩০০টি প্রাচীন শিল্পকর্ম ফিরিয়ে দিয়েছে। আমেরিকার রাষ্ট্রপতি বাইডেন আন্তরিকতার সঙ্গে ডেলাওয়ারে নিজের বাসভবনে এর মধ্যে থেকে কিছু শিল্পকর্ম আমায় দেখান।

ফিরিয়ে দেওয়া শিল্পকর্ম, টেরাকোটা, পাথর, হাতির দাঁত, কাঠ, তামা এবং কাঁসার মতো জিনিস দিয়ে তৈরি। এর মধ্যে কয়েকটির বয়স ৪০০০ বছর পুরোনো। ৪০০০ বছরের প্রাচীন শিল্পকর্ম থেকে ১৯ শতকের শিল্পকর্ম আমেরিকা ফিরিয়ে দিয়েছে। এর মধ্যে রয়েছে ফুলদানি, দেবী-দেবতাদের টেরাকোটার ফলক, জৈন তীর্থঙ্করদের মূর্তি এবং ভগবান বুদ্ধ ও ভগবান শ্রী কৃষ্ণের মূর্তি। ফিরিয়ে দেওয়া জিনিসগুলির মধ্যে, অনেক পশুপ্রাণীর মূর্তি রয়েছে। জম্মু ও কাশ্মীরের টেরাকোটা টাইলস, যেখানে পুরুষ ও মহিলাদের চিত্র রয়েছে, তা খুবই আকর্ষণীয়। এর মধ্যে কাঁসার তৈরি ভগবান শ্রী গণেশের মূর্তি রয়েছে যা দক্ষিণ ভারতের। ফেরত পাওয়া জিনিসগুলির মধ্যে বিপুল সংখ্যায়ে ভগবান বিষ্ণুর ছবিও রয়েছে। এটি মূলত উত্তর ও দক্ষিণ ভারতের সঙ্গে সম্পর্কিত । এই শিল্পকর্মগুলি দেখলে আমরা বুঝতে পারি যে আমাদের পূর্বপুরুষরা সুক্ষ বিষয়গুলোর ওপরও কতটা গুরুত্ব দিতেন। শিল্প সম্পর্কে তাঁদের অনন্য বোধ ছিল। এসব শিল্পকর্মের অনেকগুলোই চোরাচালান বা অন্যান্য অবৈধ উপায়ে দেশের বাইরে নিয়ে যাওয়া হয়েছিল যা একটি গুরুতর অপরাধ। এটি নিজেদের ঐতিহ্যকে ধ্বংস করার মতো অপরাধ। তবে আমি খুবই আনন্দিত যে গত এক দশকে এমন অনেক নিদর্শন এবং আমাদের বহু প্রাচীন ঐতিহ্যবাহী জিনিস ঘরে ফিরেছে। আজ ভারতও, অন্য অনেক দেশের সঙ্গে, এই বিষয়ে কাজ করছে। আমি বিশ্বাস করি, যখন আমরা আমাদের ঐতিহ্য নিয়ে গর্ব করি, তখন বিশ্বও এটিকে সম্মান করে। আর তারই ফল আজ পৃথিবীর অনেক দেশ আমাদের দেশ থেকে হারিয়ে যাওয়া বেশ কিছু শিল্পকর্ম ফিরিয়ে দিচ্ছে।

আমার প্রিয় বন্ধুগণ, যদি আমি প্রশ্ন করি, একটি শিশু কোন ভাষা সবচেয়ে সহজে এবং দ্রুত শেখে - তাহলে আপনার উত্তর হবে 'মাতৃভাষা'। আমাদের দেশে প্রায় কুড়ি হাজার ভাষা এবং উপভাষা রয়েছে, এবং এগুলো সবই কোনো না কোনো ব্যক্তির মাতৃভাষা তো বটেই। এমন কিছু ভাষা আছে যাকে ব্যবহারকারী মানুষের সংখ্যা খুবই কম। কিন্তু আপনারা জেনে খুশি হবেন যে এইসব ভাষাগুলির সংরক্ষাণের জন্য আজ অভিনব প্রচেষ্টা করা হচ্ছে। এমন একটি ভাষা হলো আমাদের santhali ভাষা। Santhali-কে digital innovation-এর সহযোগিতায় একটি নতুন রূপ দেওয়ার অভিযান শুরু করা হয়েছে। santhali আমাদের দেশের বহু রাজ্যের নিবাসী santhali জনজাতি সম্প্রদায়ের মানুষেরা বলে থাকেন। ভারতবর্ষের বাইরেও বাংলাদেশ, নেপাল ও ভুটান এ santhali জনজাতির আদিবাসীরা বাস করেন। Santhali ভাষার online পরিচিতি তৈরী করার জন্য ওড়িশার ময়ূরভাঞ্জের বাসিন্দা শ্রীমান রামজিৎ টুডু একটি অভিযান চালাচ্ছে । রামজিৎ জি এমন একটি digital platform তৈরী করেছেন যার মাধ্যমে santhali ভাষার সাথে যুক্ত সাহিত্য পড়া যেতে পারে ও santhali ভাষায় লেখাও যেতে পারে। আসলে কয়েক বছর আগে মোবাইল ফোনের ব্যবহার শুরু করার পর উনি এইটা ভেবে হতাশ হন যে উনি নিজের মাতৃ ভাষায় কোনো বার্তা দিতে পারছেননা। এর পর থেকেই উনি santhali ভাষার লিপি ওলচিকি টাইপ করার পথ খোঁজা শুরু করেন। নিজের কিছু বন্ধুদের সঙ্গে মিলে উনি ওলচিকি তে ঃঢ়ব করার প্রযুক্তি তৈরী করে ফেলেন। আজ ওর প্রয়াসের জন্য santhali ভাষায় প্রকাশিত লেখা অসংখ্য মানুষের কাছে পৌঁছে যাচ্ছে।

বন্ধুরা, যখন আমাদের দৃঢ় সংকল্পের সঙ্গে সম্মিলিত অংশগ্রহণের মিলন হয় তখন গোটা সমাজের সামনে আশ্চর্য ফলাফল বেরিয়ে আসে। এর সবচেয়ে সাম্প্রতিক উদাহরণ - "এক পেড় মা কে নাম' অর্থাৎ একটি গাছ মায়ের নামে"- এই আশ্চর্যজনক অভিযান মানুষজনের সম্মিলিত অংশগ্রহণের ফলে এমন এক উদাহরণ হয়ে উঠেছে যা সত্যি খুবই প্রেরণাদায়ক। পরিবেশ সংরক্ষণ কে কেন্দ্র করে শুরু হওয়া এই অভিযানে দেশের প্রতিটি প্রান্ত থেকে মানুষ যুক্ত হয়ে বিস্ময়কর কাজ করে দেখিয়েছেন। উত্তরপ্রদেশ, গুজরাট, মধ্যপ্রদেশ, রাজস্থান ও তেলেঙ্গানা লক্ষ্য মাত্রার চেয়ে বেশি সংখ্যায় গাছ লাগিয়ে নতুন রেকর্ডের সৃষ্টি করেছে। এই অভিযানে উত্তরপ্রদেশে ২৬ কোটির থেকেও বেশি গাছ লাগানো হয়েছে। গুজরাটের মানুষজন ১৫ কোটির চেয়েও বেশি গাছ লাগিয়েছেন। রাজস্থানের শুধু আগস্ট মাসেই ছয় কোটির বেশি গাছ লাগানো হয়েছে। দেশের হাজার হাজার স্কুলও এই অভিযানে অত্যন্ত উৎসাহের সঙ্গে অংশগ্রহণ করছেন।

বন্ধুরা, আমাদের দেশে গাছ লাগানোর অভিযানে যুক্ত কতশত উদাহরণ সামনে আসছে। এমনই এক উদাহরণ তেলেঙ্গানার কে. এন. রাজশেখরজি। গাছ লাগানো নিয়ে তাঁর অঙ্গীকার আমাদের সবাইকে অবাক করেছে। প্রায় চার বছর আগে তিনি গাছ লাগানোর অভিযান শুরু করেন। তিনি সিদ্ধান্ত নিয়েছিলেন যে প্রতিদিন অন্তত একটি গাছ অবশ্যই লাগাবেন। তিনি কঠোর ব্রতের মতো তাঁর প্রতিশ্রুতি পালন করেছেন। ইতিমধ্যেই পনেরশোরও বেশি গাছ লাগিয়েছেন। সবচেয়ে বড় কথা এই বছর এক দুর্ঘটনার শিকার হওয়া সত্ত্বেও তিনি তার সংকল্প থেকে নড়েননি। আমি এই সকল প্রচেষ্টাকে হৃদয় থেকে অভিনন্দন জানাচ্ছি। আমি আপনাদের অনুরোধ করছি "এক পেড় মা কে নাম"-র এই পবিত্র অভিযানে আপনিও অবশ্যই যুক্ত হন।

আমার প্রিয় বন্ধুরা, আপনারা দেখেছেন আমাদের আশেপাশে এমন কিছু মানুষ থাকেন যাঁরা বিপর্যয়ের পরিস্থিতিতেও ধৈর্য হারান না, বরং সেখান থেকে শেখেন। এমনই একজন মহিলা সুবাশ্রী, যিনি নিজের চেষ্টায় দুষ্প্রাপ্য এবং অত্যন্ত প্রয়োজনীয় শেকড়-বাকড়-এর একটি আশ্চর্য বাগান তৈরি করেছেন। উনি তামিলনাড়ুর মাদুরাই-এর বাসিন্দা। পেশায় উনি একজন শিক্ষিকা, কিন্তু ঔষধি গাছ অর্থাৎ মেডিকেল হার্বস-এর প্রতি ওঁর গভীর আগ্রহ রয়েছে। আশির দশকে উনি এই আগ্রহ প্রথমবার অনুভব করেছিলেন যখন ওঁর বাবাকে একটি বিষাক্ত সাপে কামড়ায়। তখন প্রচলিত কিছু শেকড়-বাকড় ওঁর বাবার সুস্বাস্থ্য ফিরিয়ে দিতে অনেকটা সাহায্য করেছিল। এই ঘটনার পরে উনি আমাদের ঐতিহ্যবাহী ঔষধি এবং শেকড়-বাকড়ের খোঁজ শুরু করেন। আজ মাদুরাইয়ের বেরিচিয়ুর গ্রামে ওঁর বিশেষ হার্বাল গার্ডেন আছে যেখানে পাঁচশোরও বেশি দুষ্প্রাপ্য ঔষধি গাছ পাওয়া যায়। নিজের এই বাগান তৈরি করার জন্য উনি কঠিন পরিশ্রম করেছেন। এক একটি গাছ খোঁজার জন্য উনি অনেক দূরে যাত্রা করেছেন, এই বিষয়ে জ্ঞান অর্জন করেছেন এবং বহুবার অন্য অনেক মানুষের কাছে সাহায্য নিয়েছেন। কোভিডের সময়ে উনি ইমিউনিটি বাড়াতে পারে এমন শেকড়-বাকড় মানুষের কাছে পৌঁছে দিয়েছেন। আজ ওঁর হার্বাল গার্ডেন দেখতে দূর দূরান্ত থেকে মানুষ আসেন। উনি সকলকে ঔষধি গাছের সম্বন্ধে তথ্য প্রদান করেন এবং তাদের উপকারিতার বিষয়ও বলেন। সুবাশ্রী আমাদের ঐতিহ্যকে এগিয়ে নিয়ে চলেছেন যা প্রায় কোটি কোটি বছর ধরে আমাদের সংস্কৃতির অংশ। ওঁর হার্বাল গার্ডেন আমাদের অতীতের সঙ্গে ভবিষ্যতের সংযোগ ঘটায়। ওঁকে আমার অনেক শুভকামনা।

বন্ধুরা বদলে যাওয়া এই সময়ে কাজের ধরন অর্থাৎ নেচার অফ জবস পাল্টাচ্ছে, এবং নতুন নতুন সেক্টর অর্থাৎ ক্ষেত্র আত্মপ্রকাশ করছে। যেমন গেমিং, অ্যানিমেশন, রিল মেকিং, ফ্লিম মেকিং এবং পোস্টার মেকিং।

যদি আপনি এর মধ্যে কোনো বিষয়ে পারদর্শীতা দেখাতে পারেন, তাহলে আপনারা প্রতিভা প্রদর্শনের অনেক বড় মঞ্চ পেতে পারে। যদি আপনি কোনো ব্যান্ডের সাথে যুক্ত থাকেন বা কোনো কমিউনিটি রেডিওর জন্য কাজ করেন, তাহলেও আপনি অনেক বড় সুযোগ পেতে পারেন। আপনাদের প্রতিভা ও সৃজশীলতাকে এগিয়ে নিয়ে যেতে ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রালয় , "create in India," এই থিমের অন্তর্গত ২৫টি চ্যালেঞ্জ শুরু করেছে। এই চ্যালেঞ্জগুলো নিশ্চয়ই আপনাদের খুব মনোগ্রাহী হবে। কিছু চ্যালেঞ্জ সঙ্গীত, শিক্ষা এমনকি anti piraç - এই বিষয়ের উপর রয়েছে। এই গোটা আয়োজনে বেশ কয়েকটি পেশাদার সংস্থা যুক্ত আছে যারা এই চ্যালেঞ্জগুলিকে পুরো সাপ্পোর্ট দিচ্ছে। অংশগ্রহণ করার জন্য আপনারা wavesindia.org তে লগ ইন করতে পারেন। সারা দেশের ক্রিয়েটারদের কাছে আমার অনুরোধ তারা এগিয়ে আসুক ও এতে অংশগ্রহণ করে তাদের সৃজনশীলতাকে সবার সামনে তুলে ধরুন।

আমার প্রিয় দেশবাসী, এই মাসে আরও একটি গুরুত্বপুর্ন অভিযানের দশ বছর পূর্ণ হল। এই অভিযানের সাফল্যের পেছনে দেশের বড় বড় উদ্যোগপতি থেকে শুরু করে ছোটো দোকানদার সকলের অবদান রয়েছে। আমি কথা বলছি মেক ইন ইন্ডিয়া র। আজ আমার এটা দেখে খুবই আনন্দ হয় যে দরিদ্র, মাঝারি অর্থাৎ MSME-গুলি এই অভিযান থেকে খুবই লাভবান হয়েছে। এই অভিযান প্রত্যেক শ্রেণীর মানুষকে নিজের প্রতিভা তুলে ধরার সুযোগ করে দিয়েছে। আজ ভারত manufacturing-এর powerhouse হিসেবে প্রতিষ্ঠিত এবং দেশের যুবশক্তির কারনে গোটা পৃথিবীর নজর আমাদের উপর। Automobile হোক, textile হোক, aviation হোক, electronics হোক বা defence- প্রতিটি ক্ষেত্রে আমাদের দেশের রপ্তানি লাগাতার বেড়ে চলেছে । দেশে ক্রমাগত FDI এর হার বৃদ্ধি পাওয়াও, আমাদের মেক ইন ইন্ডিয়ার সাফল্যের কাহিনী তুলে ধরছে ।

এখন আমরা মূলত দুটি বিষয়ের উপর জোর দিচ্ছি। প্রথম বিষয়টি হল কোয়ালিটি অর্থাৎ গুনমান । আমাদের দেশের তৈরি প্রতিটি বস্তু যেন বিশ্বমানের হয়। দ্বিতীয় বিষয়টি হল 'vocal for local', অর্থাৎ স্থানীয় বস্তুগুলোকে যেন আরো বেশি গুরুত্ব দেওয়া হয়। মন কি বাত অনুষ্ঠানে আমি #myproductmypride, এই বিষয়ে আলোচনা করেছি। Local product কে গুরুত্ব দিলে আমাদের দেশের মানুষের কিভাবে সুবিধে হয়, তা একটা উদাহরন শুনলেই আপনারা বুঝতে পারবেন ।

মহারাষ্ট্রের ভাণ্ডারা জেলায় বস্ত্রশিল্পের একটি প্রাচীন পরম্পরা আছে; "ভান্ডারা তসর সিল্ক হ্যান্ডলুম"। তসর সিল্ক তার ডিজাইন, রং এবং পোক্ত বুনটের জন্যে খ্যাত। এর সংরক্ষণের কাজে ভাণ্ডারার কিছু কিছু এলাকার প্রায় ৫০ টিরও বেশি self help group নিয়োজিত রয়েছে। এই ক্ষেত্রে মহিলাদের অংশগ্রহণও যথেষ্ট বেশি। এই সিল্ক অত্যন্ত দ্রুত জনপ্রিয় হয়ে উঠছে এবং স্থানীয় মানুষদের কর্মসংস্থান দিয়ে চলেছে। আর, এটাই তো make in India i স্পিরিট।


বন্ধুরা, উৎসবের এই মরসুমে আপনারা সেই পুরোনো সংকল্প আবারো স্মরণ করে নেবেন। যাই কিনবেন, তা made in India হতেই হবে। যাই উপহার দেবেন, তাও, made in India B হতে হবে। শুধুমাত্র মাটির প্রদীপ কেনাই Vocal for Local হওয়া নয়। আপনাকে নিজের ভূমিতে তৈরি স্থানীয় জিনিসকে যতটা বেশি সম্ভব প্রোমোট করতে হবে। এমন যেকোনো দ্রব্য, যা তৈরিতে ভারতের কোনো না কোনো কারিগরের ঘাম মিশে আছে, যা ভারতের মাটিতে তৈরি, সেটাই আমাদের গর্ব। এই গৌরবকে সর্বদাই উজ্বল করে তুলতে হবে আমাদের।

বন্ধুরা, মন কি বাতের এই পর্বে আপনাদের সাথে যুক্ত থাকতে পেরে আমার খুবই ভালো লাগছে। এই অনুষ্ঠানের জন্যে আপনাদের মতামত এবং পরামর্শ আমার কাছে নিশ্চয়ই পাঠাবেন। আপনাদের চিঠি এবং বার্তার অপেক্ষায় রইলাম। কিছুদিনের মধ্যেই উৎসবের মরসুম শুরু হতে চলেছে। নবরাত্রির সঙ্গে এর সূচনা হবে, এবং আগামী দুই মাস পূজাপাঠ, ব্রতকথা, আনন্দ উল্লাস, চারিপাশে এমনই এক পরিবেশ থাকবে। আসন্ন উৎসবের জন্যে আপনাদের জানাই অনেক অনেক শুভেচ্ছা। আপনারা সবাই, আপনাদের পরিবার এবং প্রিয়জনেদের সঙ্গে উৎসবে খুব আনন্দ করুন, আর অন্যদেরও এই আনন্দে সামিল করুন। সামনের মাসে অন্য আরো নতুন বিষয় নিয়ে মন কি বাত আপনাদের কাছে আসবে। আপনাদের সবাইকে জানাই অনেক অনেক ধন্যবাদ।

# সিনেমার খবর

cinema TV

## ধর্ষণের দৃশ্যে অস্বস্তি, তৃপ্তিকে যা বলেছিলেন অভিনেতা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ধর্ষণের দৃশ্যে অভিনয়ের সময় কী কী বিষয় মাথায় রাখতে হয়? সম্প্রতি এক সাক্ষাৎকারে এই বিষয়ে মুখ খুললেন বলিউড অভিনেতা রাহুল বোস। 'বুলবুল' ছবিতে যমজ ভাইয়ের চরিত্রে অভিনয় করেছিলেন রাহুল। সেই ছবিতেই তৃপ্তি ডিমরির সঙ্গে একটি ধর্ষণের দৃশ্য ছিল তাঁর। সেই অভিজ্ঞতা নিয়ে কথা বলেন অভিনেতা।

ধর্ষণের দৃশ্যে অভিনয়ের সময়ে অতিরিক্ত দায়িত্বশীল হওয়া জরুরি। খুব যত্নের সঙ্গে এই ধরনের দৃশ্যে অভিনয় করতে হয় বলে জানান রাহুল। 'বুলবুল' ছবির শুটিং-এর সময়ও তৃপ্তি যাতে স্বচ্ছন্দ বোধ করেন, সেই দিকে নজর রেখেছিলেন অভিনেতা। রাহুল বলেন, তৃপ্তি ডিমরি অসাধারণ অভিনেত্রী। তৃপ্তির চরিত্রকে ধর্ষণ করে খুন করে রাহুলের চরিত্রটি। বিছানাতেই মৃত্যু হয় তৃপ্তির। সাংঘাতিক ছিল সেই দৃশ্যটি। রাহুল যোগ করেন, আমরা দৃশ্যটির জন্য মহড়া দিচ্ছিলাম। তার মধ্যেই ওর (তৃপ্তি) সঙ্গে আলোচনা করি। রাহুল সে দিন তৃপ্তিকে বলেছিলেন, ক্যামেরা অন হওয়া মাত্রই তিনি সেই পাশবিক রূপ ধারণ করবেন। কিন্তু বিছানায় যদি সামান্যতম অস্বাচ্ছন্দ্য বোধ করেন তৃপ্তি, সঙ্গে সঙ্গে যেন তার নাম ধরে ডাকেন। অসুবিধা হলেই 'রাহুল' বলে ডাকার পরামর্শ দেন তিনি। তা হলেই তিনি সতর্ক হবেন।

এই ছবিতে অভিনয় করেই বুঝেছিলেন, অভিনেত্রী হিসেবে শক্তিশালী তৃপ্তি। অভিনেত্রীর সঙ্গে কাজের অভিজ্ঞতাও ভাল বলে জানান রাহুল। ওটিটি প্ল্যাটফর্মে মুক্তি পেয়েছিল 'বুলবুল'। ছবিতে এক নববধূর বেশে অভিনয় করেছিলেন তৃপ্তি। মৃত্যুর পরে অতিপ্রাকৃত শক্তি ধারণ করে সে প্রতিশোধ নেয়। অনুষ্কা শর্মা প্রযোজিত এ ছবিতে তৃপ্তি ও রাহুল ছাড়াও অভিনয় করেছিলেন পরমব্রত চট্টোপাধ্যায়, পাওলি দাম, অবিনাশ তিওয়ারি, বাসুদেব মুখোপাধ্যায়।

## হৃতিক-কিয়ারার রোমান্টিক ভিডিও ফাঁস!





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** রাস্তায় দাঁড়িয়ে হৃতিক রোশান। তার পরনে জিন্সের প্যান্ট; গায়ে স্যান্ডো গেঞ্জি। তার ওপরে পরেছেন শার্ট; যার সবগুলো বোতাম খোলা। খানিকটা দূরে দাঁড়িয়ে অভিনেত্রী কিয়ারা আদভানি। তার পরনে পিঙ্ক কালারের মিনি ড্রেস। দৌড়ে গিয়ে হৃতিকের হাত ধরেন এই অভিনেত্রী। এরপর কয়েক স্টেপ নেচে পরস্পরকে জড়িয়ে ধরেন এই জুটি।

সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া একটি ভিডিওতে এমন দৃশ্য দেখা যায়। প্রিয় তারকা জুটিকে দেখে ভূয়সী প্রশংসা করছেন নেটিজেনরা।

দ্য ফ্রি প্রেস জার্নাল জানিয়েছে, হৃতিক রোশানের পরবর্তী সিনেমা 'ওয়ার টু'। এ সিনেমায় তার বিপরীতে অভিনয় করছেন কিয়ারা আদভানি। বর্তমানে তারা ইতালিতে অবস্থান করছেন। সেখানে রোমান্টিক একটি গানের শুটিং করছেন তারা। সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া ভিডিও এবং স্থিরচিত্র সেখান থেকেই ফাঁস হয়েছে।

মিড-ডে এক প্রতিবেদনে জানিয়েছে, ইতালির ভেনিসে শুটিং করছেন হৃতিক রোশান ও কিয়ারা আদভানি। টাস্কানি, লেক কোমো, নেপলস, আমালফি কোস্ট এবং সোরেন্টো উপদ্বীপে গানটির দৃশ্যধারণের কাজ হবে। যে গানের শুটিং করছেন এ গানের সুর করেছেন প্রীতম।

প্রসঙ্গত, ২০১৯ সালে মুক্তি পায় 'ওয়ার' সিনেমা। এটি পরিচালনা করেন সিদ্ধার্থ আনন্দ। সিনেমাটি বক্স অফিসে দারুণ সাড়া ফেলেছিল। তারই ধারাবাহিকতায় নির্মিত হচ্ছে সিনেমাটির সিক্যুয়েল।

এবার দ্বিতীয় পার্ট পরিচালনা করছেন অয়ন মুখার্জি। সবকিছু ঠিক থাকলে ২০২৫ সালে সিনেমাটি মুক্তির পরিকল্পনা করেছেন নির্মাতারা।

## নেহার সঙ্গে বিচ্ছেদ গুঞ্জনে মুখ খুললেন রোহন



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** অনেকদিন ধরেই শোনা যাচ্ছিল গায়িকা নেহা কক্কর এবং রোহনপ্রীত সিংয়ের বিবাহিত জীবন নাকি একেবারেই ঠিক চলছে না। সম্প্রতি, অনেক সোশ্যাল মিডিয়া পোস্টে দাবি করা হচ্ছে, নেহা এবং রোহানের মধ্যে আর মোটেও সব ঠিকঠাক নেই। স্বামী বয়সে আট বছরের ছোট জন্যই কি তাদের বনিবনা হচ্ছে না- এমন প্রশ্নও তুলেছেন অনেকেই।

অবশেষে বিচ্ছেদের বিষয়ে নীরবতা ভাঙলেন রোহন প্রীত সিং। ভারতীয় গণমাধ্যমে দেয়া এক সাক্ষাৎকারে রোহন বলেন, 'গুজব মানে গুজবই, সেগুলো সত্য নয়। এগুলো বানানো জিনিস আগামীকাল কেউ কিছু বলবে, পরশু কেউ কিছু বলবে। তবে এই জিনিসগুলো আপনার ব্যক্তিগত সম্পর্কের উপর প্রভাব ফেলবে না। আপনার এক কানে শোনা উচিত এবং অন্য কান দিয়ে বের করে দেয়া উচিত।'

অভিনেতা বলেন, 'আলোচনা তাকে নিয়েই হয়, মানুষ যার ব্যাপারে কথা বলতে বেশি ভালোবাসে। তাই আমাদের নিয়ে বলুক কথা লোকে। মানুষের মনে তো আছি।' তিনি স্পষ্ট জানিয়ে দিয়েছেন, নেহা কক্করের সঙ্গে বিবাহ বিচ্ছেদের খবরে কোনো সত্যতা নেই।

একবার কপিল শর্মার শো'তে এসে নেহা জানিয়েছিলেন, রোহনপ্রীত শুরুতে বিয়ের জন্য রাজি ছিলেন না। কারণ মাত্র ২৫ বছরেই বিয়ের বাঁধনে পড়তে মন থেকে তৈরি ছিলেন না। আবার ৩৩ বছরের নেহা এই বয়সে প্রেম করতে রাজি ছিলেন না। ২০২১ সালের অগস্ট মাসে 'নেহু দা বিহা' মিউজিক ভিডিওর সেটে প্রথম পরিচয় এই জুটির। তিন মাসের মধ্যেই বিয়ের পর্ব সেরে ফেলেছিলেন রোহন-নেহা। তবে হ্যাঁ, বিয়ের পর যেভাবে সোশ্যাল মিডিয়া রাঙাতেন তারা প্রেমের রঙে, এখন তাতে অনেকটাই ভাটা এসেছে। যা থেকেই হয়তো আলোচনার সূত্রপাত!

## শ্রদ্ধার পরিবারে নতুন সদস্য



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী শ্রদ্ধা কাপুর অভিনীত সিনেমা 'স্ত্রী ২' নতুন রেকর্ড গড়েছে। শাহরুখ খানের 'জওয়ান'-কে ছাপিয়ে গেল এই সিনেমা। ৩৬ দিনের মাথায় স্ত্রী-২ ছবির ওয়ার্ল্ড ওয়াইড বক্স অফিস কালেকশন ৮০১ কোটিরও বেশি। স্ত্রী ২'-র সাফল্যের মাঝেই শ্রদ্ধার পরিবারে এল 'খুদে সদস্য'। আকারের সঙ্গে মিলিয়ে মিষ্টি নামও রাখা হয়েছে তার, 'স্মল'। সোশ্যাল মিডিয়ায় অনুরাগীদের সঙ্গে আলাপ করালেন তার নতুন চারপেয়ে বন্ধুর সঙ্গে।

গত শনিবার নিজের সোশ্যাল মিডিয়ায় ছবি পোস্ট করেন অভিনেত্রী। সেখানেই জানান তার পরিবারে বেড়েছে সদস্য সংখ্যা। এক খুদে সারমেয় উপহার পেয়েছেন তিনি। আদর করে নাম রেখেছেন 'স্মল', যার বাংলা মানে দাঁড়ায় 'ছোট'। অভিনেত্রীর বাড়িতে ইতোমধ্যেই রয়েছে এক সারমেয় পোষ্য। যার নাম শায়লো।

এদিন মজা করে ক্যাপশনে অভিনেত্রী লেখেন, 'আমার ঘরে এসেছে এক ছোট্ট স্ত্রী! আলাপ করুন 'স্মল'-এর সঙ্গে। আমাদের পরিবারের নয়া সদস্য। আমার বন্ধু ফজা এই ছোট খুশি আমাকে উপহার দিয়েছে। এই না হলে উদযাপনের শ্রেষ্ঠ উপায়। সোআইপ করে দেখুন সেই ব্যক্তি কে! দ্বিতীয় ছবিতেই দেখা যাচ্ছে নতুন সদস্যকে আদর করছেন শ্রদ্ধা, আর তার সামনেই বেজার মুখে বসে তার অপর পোষ্য শায়লো। নতুন সদস্য যে আদর পাচ্ছে তা একেবারেই পছন্দ হচ্ছে না তার।

অভিনেত্রীর পোস্টে 'স্মল'কে ভালোবাসায় ভরিয়েছেন অনুরাগীরা ও ইন্ডাস্ট্রির অন্যরা। অনন্যা পাণ্ডে লেখেন, 'স্মল' তো কত বড় হয়ে গিয়েছে। ছোটবেলার ছবিও পোস্ট করো।'

## এক ছবিতেই বদলে গেল ঐশ্বরিয়ার বিচ্ছেদের গুঞ্জন



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ঐশ্বরিয়া রাই বচ্চন ও অভিষেক বচ্চনের বিচ্ছেদের গুঞ্জন নতুন নয়। বেশ কিছু দিন ধরে বিষয়টি আরও বড় করে মিডিয়াতে এসেছে। তবে প্যারিস ফ্যাশন উইকে গিয়ে এই জল্পনা উড়িয়ে দিলেন অভিনেত্রী।


সম্প্রতি একটি অ্যাওয়ার্ড অনুষ্ঠানে যোগ দিতে মেয়ে আরাধ্যকে নিয়ে দুবাই গিয়েছিলেন ঐশ্বরিয়া। সেখানে তার হাতে বিয়ের আংটি দেখা না যাওয়ায় বিচ্ছেদ গুঞ্জনের আগুনের ঘি পড়েছিল। তবে প্যারিস ফ্যাশন উইকে সেই আগুনে পানি ঢেলে দিলেন অভিনেত্রী। ঐশ্বরিয়ার আঙুলে দেখা গেল অভিষেকের পরানো বিয়ের আংটিটি।

প্যারিস ফ্যাশন উইকে বোল্ড রেড লিপস্টিকে দেখা গেছে অভিনেত্রীকে। বিশাল একটি ভেইল ছিল ঐশ্বরিয়ার পোশাকে। প্রসাধনী সংস্থার ব্র্যান্ড অ্যাম্বাসেডর হয়ে প্যারিস ফ্যাশন উইকে অংশ নিয়েছেন তিনি।

গেল এক বছর ধরে শোনা যাচ্ছে অভিষেক-ঐশ্বরিয়া নাকি এক সঙ্গে থাকছেন না। বিভিন্ন ইভেন্টে আলাদাই দেখা যাচ্ছে তাদের। বিচ্ছেদের খবর সামনে আনতে চাইছেন না, মেয়ের কথা ভেবেই। এমন সময় অভিনেত্রীর আঙুলে আংটি দেখে স্বস্তিতে এই জুটির ভক্তরা।

প্রসঙ্গত, ২০০৭ সালে অভিষেক ও ঐশ্বরিয়ার বিয়ে হয়। বচ্চন পরিবারের পুত্রবধূ হন অভিনেত্রী। ২০১১ সালের ১৬ নভেম্বর অভিষেক-ঐশ্বরিয়ার ঘর আলো করে জন্ম হয় মেয়ে আরাধ্যর।

## লিগ কাপে সিটি ও চেলসির জয়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৫০ ঘণ্টারও কম ব্যবধানে ম্যাচ। সেটাও আবার লিগ কাপের মতো অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ প্রতিযোগিতায়। পেপ গুয়ার্দিওলা তাই চাইলেন না 'শক্তি নষ্ট করতে।' অনেক পরিবর্তিত একাদশ নিয়েও অবশ্য ওয়াটফোর্ডকে হারিয়ে চতুর্থ রাউন্ডে উঠেছে তার দল ম্যানচেস্টার সিটি। একই দিন একই প্রতিযোগিতায় ক্রিস্তোফার এনকুকুর হ্যাটট্রিকে বড় জয় পেয়েছে চেলসিও।

লিগ কাপের তৃতীয় রাউন্ডে মঙ্গলবার ঘরের মাঠ ইতিহাদে ওয়াটফোর্ডকে ২-১ গোলে হারায় সিটি। প্রথমার্ধে গোল দুটি করেন জেরেমি দোকু ও মাথিয়াস নুনেস।

আর স্ট্যামফোর্ড ব্রিজে দ্বিতীয় সারির দল ব্যারোকে ৫-০ গোলে উড়িয়ে দেয় চেলসি। স্বাগতিকদের হয়ে একটি গোল করেন পেদ্রো নেতো। অন্য গোলটি আত্মঘাতি।


এর আগে নিজেদের সবশেষ ম্যাচ আর্সেনালের সঙ্গে ২-২ ড্র করে সিটি। সেই ম্যাচের একাদশে এদিন নয়টি পরিবর্তন আনেন কোচ। একাদশে সুযোগ পান কেবল দোকু ও কাইল ওয়াকার।

প্রথমাধেই দুই গোলে এগিয়ে যায় সিটি। ম্যাচের শেষ সময়ে ওয়াটফোর্ডের হয়ে একটি গোল শোধ দেন টম ইন্স।

লিগ ম্যাচে সিটির প্রতিপক্ষ নিউক্যাসল ইউনাইটেড। তিন দিন পর আবার চ্যাম্পিয়ন্স লিগের ম্যাচ। খেলোয়াড়দের জন্য পুরো সূচি সামলানোই যেন হয়ে পড়েছে খুব কঠিন। ব্যাপারটা ভালোই জানা গুয়ার্দিওলার। যে কারণে আগেভাগেই ঘোষণা দিয়ে রাখলেন পরের রাউন্ডে দ্বিতীয় সারির দল খেলানোর।

"আমি আগেই বলে রাখি, পরের রাউন্ডে আমি দ্বিতীয় সারির দল খেলাবৃআমরা শক্তি হারাতে চাই না।"

# মিয়ামি ছাড়ছেন মেসি!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্রের ক্লাব ইন্টার মিয়ামিতে থাকছেন না আর্জেন্টাইন তারকা লিওনেল মেসি। এমন খবরে চাঞ্চল্য ছড়িয়েছে ফুটবল দুনিয়ায়। বেকহ্যামের দলের সঙ্গে ২০২৫ সাল পর্যন্ত চুক্তি রয়েছে আর্জেন্টাইন খুদে ফুটবল যাদুকরের। তবে তিনি নাকি আর মিয়ামিতে থাকতে চাইছেন না। ক্লাবের পক্ষ থেকে একাধিকবার চুক্তি বৃদ্ধির প্রস্তাব দেওয়া হলেও মেসি তাতে সাড়া দেননি তাই সবাই ধরেই নিয়েছেন মেসি দল পরিবর্তন করতে চাইছেন। কিন্তু তিনি কোন দলে যোগ দেবেন সেটাই সবার প্রশ্ন। তবে কী তিনি বার্সেলোনায় ফিরবেন আবার? না সেই সম্ভাবনা নেই। ২০২৩ সালে আড়াই বছরের চুক্তিতে ইন্টার মিয়ামিতে যোগ দিয়েছিলেন মেসি। সেই সময় সৌদির আল হিলাল ক্লাবের থেকেও মোটা অঙ্কের প্রস্তাব পেয়েছিলেন। কিন্তু তিনি সৌদির পরিবর্তে আমেরিকায় যাওয়ার সিদ্ধান্ত নেন। মিয়ামির আগে পিএসজিতে ছিলেন মেসি। ২০২১ সালে বার্সেলোনা থেকে যোগ দেন ফরাসি দল পিএসজিতে। এরপর নতুন ঠিকানা হয় ইন্টার মিয়ামি। গত মৌসুমে মিয়ামিকে লিগ কাপ ট্রফি জিতিয়েছিলেন মেসি। তবে এবার সেখানে আর থাকতে চান না। সূত্রের মতে আর্জেন্টিনার ক্লাব নিউওয়েল ওল্ড বয়েজে যোগ দিতে পারেন তিনি। এই ক্লাব থেকেই নিজের ফুটবল জীবন শুরু করেছিলেন মেসি। ১৯৯৫ থেকে ২০০০ সাল পর্যন্ত এখানেই ফুটবল খেলেন তিনি। তাই ক্যারিয়ারের শেষ অধ্যায়টাও সেখান থেকেই শেষ করতে চান। ২০১৬ সালে মেসি এক সাক্ষাৎকারে নিজের দেশ আর্জেন্টিনার ক্লাবের হয়ে খেলার ইচ্ছা প্রকাশ করেছিলেন। সেই সময় তিনি বলেন, 'আমায় যদি একদিন পরই আর্জেন্টিনায় ফেরার প্রস্তাব দেওয়া হয়, আমি রাজি। যদি বলেন কোন ক্লাবের হয়ে খেলবেন, তাহলে অবশ্যই নিউওয়েলের হয়ে। আমার স্বপ্ন নিউওয়েলের হয়ে খেলার।' মেসি তখন আর্জেন্টিনায় নিরাপত্তা শঙ্কা নিয়েও কথা বলেছিলেন। যদিও বর্তমানে আর্জেন্টিনার পরিস্থিতির পরিবর্তন ঘটেছে, তাই হয়তো মেসিও এবার চাইছেন নিজের অনেকদিনের স্বপ্ন পূরণ করতে। কবে তিনি নিজের ছোটবেলার ক্লাবে যোগ দেবেন তা এখনও চূড়ান্ত নয়।

## আর্জেন্টিনার বিশ্বকাপ বাছাই ক্যাম্প মায়ামিতে

# এখনই সউদী রোমাঞ্চে বুঁদ নেইমার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এশিয়ায় দ্বিতীয় বারেরমত অনুষ্ঠিত হবে ফুটবলের সবচেয়ে বড় আসর বিশ্বকাপ ফুটবল ২০৩৪। এশিয়ার অন্যতম ফুটবল শক্তি সউদি আরব ২০৩৪ সালের ফুটবল বিশ্বকাপের আয়োজক হবে এটা অনেকটাই নিশ্চিত। এরআগে ২০০২ সালে যৌথভাবে ফিফা বিশ্বকাপ ফুটবলের আয়োজন করেছিলো দক্ষিণ কোরিয়া ও জাপান। এবার এককভাবে আয়োজক হচেছ সউদি আরব। উপসাগরীয় দেশটিতে বিশ্বকাপ হলে তা সবার জন্য খুব রোমাঞ্চকর হবে বলে মনে করেন সউদী ক্লাব আল হিলালের ব্রাজিলিয়ান তারকা নেইমার।

এই বছরের শেষ দিকে সউদী আরবকে ২০৩৪ বিশ্বকাপের আয়োজক হিসেবে ফিফা চূড়ান্ত করতে পারে বলে ধারণা করা হচ্ছে। অস্ট্রেলিয়া সরে দাঁড়ানোর পর আসরটির স্বাগতিক হওয়ার লড়াইয়ে একমাত্র প্রার্থী হিসেবে আছে সউদী আরব। সোমবার সামাজিক মাধ্যমে আল হিলালের প্রকাশিত ভিডিও বার্তায় নেইমার বলেন, বিশ্বকাপ আয়োজনের সুযোগ পাওয়া সউদী আরবের প্রাপ্য, 'সউদী আরবে বিশ্বকাপ হলে আমি খুশি হব। আমি মনে করি, সবার জন্য খুব রোমাঞ্চকর বিশ্বকাপ হবে। সারা বিশ্বের মানুষ সউদী সংস্কৃতি, দেশ সম্পর্কে আরও জানার সুযোগ পাবে, তাই এখানে সবার সঙ্গে থাকা হবে দারুণ অভিজ্ঞতা, তাদের এই সুযোগ প্রাপ্য।'

৪৮ দলের এই টুর্নামেন্ট ২০৩৪ সালের নভেম্বর-ডিসেম্বরে হবে বলে ধারণা করা হচ্ছে। ২০২৬ বিশ্বকাপ হবে যৌথভাবে যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায়। ২০৩০ সালের আসর আয়োজন করবে মরক্কো, পর্তুগাল ও স্পেন। বিশ্বকাপের শতবর্ষ পালন উপলক্ষে এই আসরের প্রথম তিন ম্যাচ হবে দক্ষিণ আমেরিকার তিন দেশ আর্জেন্টিনা, প্যারাগুয়ে ও উরুগুয়েতে। ব্রাজিলের সর্বোচ্চ গোলদাতা নেইমার খেলেছেন তিনটি বিশ্বকাপে। ইনজুরির কারনে ২০২৩ সালের অক্টোবর থেকে মাঠের বাইরে আছেন তিনি। এখন সেরে ওঠার শেষ ধাপে আছেন ৩২ বছর বয়সী এই ফরোয়ার্ড।

এদিকে, ২০২৬ বিশ্বকাপ বাছাই পর্বে সবশেষ ম্যাচে কলম্বিয়ার কাছে হারের পর ঘুরে দাঁড়াতে এরমধ্যেই পরিকল্পনা শুরু করেছে আর্জেন্টাইন ফুটবল ফেডারেশন। ভেনেজুয়েলার বিপক্ষে পরবর্তী বাছাই পর্বের ম্যাচে নামার আগে আগামী মাসে ফ্লোরিডার মিয়ামিতে অনুশীলন ক্যাম্প করবে লিওনেল মেসির দলটি। কূটনৈতিক দ্বন্দ্বের কারণে গত মার্চ থেকে ভেনেজুয়েলার ভূখ-ে আর্জেন্টিনার ফ্লাইটগুলোর জন্য আকাশসীমা বন্ধ করে দেওয়া হয়েছে। তাই সরাসরি সে দেশে যেতে পারবেন না মেসি-মার্তিনেজরা। তৃতীয় দেশে ট্রানজিট নিতেই হবে। তাই ভেনেজুয়েলা যাওয়ার আগে মায়ামিতে ক্যাম্পও করার পরিকল্পনা এঁকেছেন এএফএ কর্মকর্তারা।

লিওনেল স্কালোনির স্কোয়াডের অনুশীলনের জন্য মেসির ইন্টার মিয়ামির মাঠ বেছে নিয়েছে আর্জেন্টিনা। কোপা আমেরিকার আগে আলবিসেলেস্তেদের অনুশীলন সেশনের আয়োজন করা হয়েছিল এই মাঠে। কলম্বিয়ার কাছে সবশেষ ম্যাচ হারলেও ৮ ম্যাচে ১৮ পয়েন্ট নিয়ে এখনও শীর্ষেই আছে আর্জেন্টিনা। তবে ব্যবধান কমিয়ে এনেছে দ্বিতীয় স্থানে থাকা কলম্বিয়া। সমান ম্যাচে ১৬ পয়েন্ট তাদের। তৃতীয় স্থানে থাকা উরুগুয়ের সংগ্রহ ১৫ পয়েন্ট।

শীর্ষে থেকে বিশ্বকাপে জায়গা করে নিতে পরের ম্যাচে ঘুরে দাঁড়ানোর বিকল্প নেই আলবিসেলেস্তেদের। এদিকে কোনো অপ্রত্যাশিত ঘটনা না ঘটলে ইনজুরির কারণে শেষ দুটি ম্যাচ মিস করা অধিনায়ক মেসি ফিরবেন জাতীয় দলে। ভেনেজুয়েলায় আগামী ১০ অক্টোবর বাছাইপর্বের নবম ম্যাচে মুখোমুখি হবে আর্জেন্টিনা। এরপর ১৫ অক্টোবর এস্তাদিও মনুমেন্টাল ডি রিভারে বলিভিয়াকে আতিথেয়তা দেবে দলটি।

## ফলে গেল মাস্কের ভবিষ্যদ্বাণী, অলিম্পিকে রুপাজয়ী শুটার এখন 'ভিলেন'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্যারিসে ১০ মিটার এয়ার পিস্তলে রুপা জেতা কোরীয় নারী শুটারের ভিডিও দেখে মুগ্ধ হয়েছিলেন মার্কিন ধনকুবের ইলন মাস্ক। সামাজিক মাধ্যমে এই নিয়ে ভবিষ্যদ্বাণীও করেছিলেন এক্সের মালিক। কোরীয় সেই নারীকে নিয়ে মাস্ক নিজের সামাজিক মাধ্যমে লিখেছিলেন, 'সে (ইয়েজি) কোনো অ্যাকশন মুভিতে নাম লেখাতে পারে। অভিনয় করার দরকার হবে না!'

মাস্কের পোস্টটা ইয়েজি আদেও পড়েছিলেন কি না তা জানা যায় নি অবশ্য! তবে মাস্কের ভবিষ্যদ্বাণী সত্যি হয়ে যাচ্ছে। অলিম্পিক পদকজয়ী শুটার সত্যি সত্যিই অভিনয়ে নাম লিখিয়েছেন। আর মাস্ক যেমনটা বলেছেন, ইয়েজিকে সম্ভবত অভিনয় করতে হচ্ছে না, চরিত্রটা যে পিস্তল হাতে এক আততায়ীর।

দক্ষিণ কোরিয়ার রাজধানী সিউলভিত্তিক এন্টারটেইনমেন্ট ফার্ম এশিয়া ল্যাব জানিয়েছে, ৩২ বছর বয়সী ইয়েজি ভিলেন চরিত্রে অভিনয় করবেন 'ক্রাশ' সিরিজে। তা দেখার অপেক্ষায় রয়েছেন সকলে।

ইয়েজির সঙ্গে সিরিজে অভিনয় করবেন অভিনেত্রী অনুষ্কা সেন। এশিয়া ল্যাব পৃথক এক বিবৃতিতে জানিয়েছে, কী ধরনের চরিত্রে অভিনয় করবেন দুজন, এই নিয়ে তাঁরা জানিয়েছে, 'আমরা কিম ইয়েজি ও অনুষ্কা সেনের খুনি হয়ে ওঠার চরিত্র দেখার অপেক্ষায় রয়েছি। রোমাঞ্চিত বোধ করছি অবশ্যই।'

সামাজিক মাধ্যমে একটা ভিডিও ছড়িয়ে পড়েছে। যেখানে দেখা যাচ্ছে, চোখে হালকা ধাতব ফ্রেমের বিশেষ চশমা। মাথায় বেসবল ক্যাপ। পরনে কালো রঙের জ্যাকেট। বাঁ হাত পকেটে ঢোকানো। ডান হাতে পিস্তল। চোখেমুখে সিরিয়াস ভাব। এভাবেই ট্রিগার চেপে চেপেই প্যারিস অলিম্পিকে ভাইরাল হয়ে গিয়েছিলেন দক্ষিণ কোরীয় পিস্তল শুটার কিম ইয়েজি।

উল্লেখ্য, প্যারিস অলিম্পিকের পরেই অবশ্য বিনোদনজগতে নাম লেখানোর প্রাথমিক উদ্যোগ নিয়েছেন ইয়েজি। দক্ষিণ কোরিয়ান এক ট্যালেন্ট এজেন্সির সঙ্গে এই ব্যাপারে চুক্তিও করেছেন। মাঝে ম্যাগাজিনে ফ্যাশন মডেল হিসেবেও কাজ করেছেন ইয়েজি।

## গেইলের ছক্কার রেকর্ড ভাঙলেন পুরান, হুমকিতে রিজওয়ানের রেকর্ডও



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্যাট হাতে দুর্দান্ত সময় পার করছেন নিকোলাস পুরান। তারই ধারাবাহীকতায় ওয়েস্ট ইন্ডিজের এই মারকুটে ব্যাটারের হাতে এবার ধরা দিল দারুণ এক মাইলফলক। এর আগে যেখানে পৌঁছাতে পারেননি কেউ। এমনকি ছক্কার কিংবদন্তি ক্রিস গেইলও নন।

প্রথম ক্রিকেটার হিসেবে টি-টোয়েন্টি ক্রিকেটে এক পঞ্জিকাবর্ষে দেড়শ ছক্কার মাইলফলক স্পর্শ করেছেন পুরান। সেন্ট কিটস অ্যান্ড নেভিস প্যাট্রিয়েটের বিপক্ষে সোমবার ত্রিনবাগো নাইট রাইডার্সের হয়ে ৪৩ বলে ৬ চার ও ৭ ছক্কায় অপরাজিত ৯৩ রান করার পথে এই কীর্তি গড়েন তিনি।

এর আগে এক পঞ্জিকাবর্ষে সর্বোচ্চ ১৩৫টি ছক্কা মেরেছিলেন গেইল, ২০১৫ সালে। ৯ বছর পর স্বদেশির রেকর্ডও নিজের করে নিলেন পুরান।

আরও একটি রেকর্ডের খুব কাছে এই বাঁহাতি ব্যাটার। পরের ম্যাচে করেছেন স্রেফ ১০ রান। আর ৪ রান করতে পরলেই টি-টোয়েন্টিতে এক পঞ্জিকাবর্ষে সর্বোচ্চ রানে তিনি ছাড়িয়ে যাবেন মোহাম্মদ রিজওয়ানকে। ২০২১ সালে পাকিস্তানের কিপারু ব্যাটার ৪৮ ইনিংসে করেছিলেন দুই হাজার ৩৬ রান। চলতি বছর ৬৫ ইনিংসে দুই হাজার ৩২ রান পুরানের।

টি-টোয়েন্টিতে এক পঞ্জিকাবর্ষে দুই হাজার রান করতে পেরেছেন কেবল এই দুজনই।

সব মিলিয়ে টি-টোয়েন্টিতে আট হাজার রান হয়ে গেছে পুরানের। ৩৬১ ম্যাচে মোট রান ৮ হাজার ৩২। সেঞ্চুরি আছে ২টি। মোট ছক্কা মেরেছেন ৫৬৩টি। টি-টোয়েন্টি ক্রিকেট ইতিহাসে এখন পর্যন্ত চতুর্থ সর্বোচ্চ ছক্কা মেরেছেন তিনি।

পুরানের ব্যাটে ভর করেই এদিন সেন্ট কিটস অ্যান্ড নেভিসের দেওয়া ১৯৪ রানের লক্ষ্য তাড়া করে ৭ উইকেটে জয় পায় নাইট রাইডার্স।

## পাকিস্তান দলে ফিরলেন ৩৭ বছর বয়সী নোমান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইংল্যান্ডের বিপক্ষে আসন্ন সিরিজের দলে বেশ কয়েকটি পরিবর্তন এনেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। বাংলাদেশের বিপক্ষে সবশেষ সিরিজে হোয়াইটওয়াশ হয়ে তীব্র সমালোচনার মুখে পড়লেও নেতৃত্বে টিকে গেছেন শান মাসুদ।

ঘরের মাঠে তিন টেস্টের এই সিরিজের প্রথমটির জন্য মঙ্গলবার ১৫ সদস্যের দল দিয়েছে পিসিবি। এক সিরিজ পর পাকিস্তানের টেস্ট দলে ফিরেছেন ৩৭ বছর বয়সী বাঁহাতি স্পিনার নোমান আলি। বাংলাদেশ সিরিজের দল থেকে বাদ পড়েছেন টপ-অর্ডার ব্যাটসম্যান কামরান গুলাম ও পেসার মোহাম্মদ আলি। চোট থেকে পুরোপুরি সেরে না ওঠায় ইংল্যান্ডের বিপক্ষে প্রথম টেস্টের দলে নেই পেসার খুররাম শাহজাদ। বাংলাদেশের বিপক্ষে দ্বিতীয় টেস্টে প্রথম ইনিংসে নেন ৬ উইকেট ২৪ বছর বয়সী খুররাম। ওই ম্যাচেই শরীরের বাম পাশে চোট পান তিনি।

বাংলাদেশের বিপক্ষে দ্বিতীয় টেস্টের দলে ফিরলেও ফিটনেস সমস্যায় খেলতে পারেননি আমের জামাল। ২৮ বছর বয়সী এই পেস বোলিং অলরাউন্ডারও আছেন ইংল্যান্ডের বিপক্ষে দলে। গত ডিসেম্বর-জানুয়ারিতে অস্ট্রেলিয়া সফরে অভিষেক সিরিজে ব্যাট-বলে আলো ছড়ান তিনি। ৩ ম্যাচে ব্যাট হাতে করেন ১৪৩ রান, উইকেট নেন ১৮টি।

দলে ফেরা নোমান সবশেষ টেস্ট খেলেছেন ২০২৩ সালের জুলাইয়ে, কলম্বোয় শ্রীলঙ্কার বিপক্ষে। অস্ট্রেলিয়া সফরের মাঝপথে চোট পেয়ে ছিটকে পড়েছিলেন তিনি। এখন পর্যন্ত ১৫ টেস্টে তার শিকার ৪৭ উইকেট। লেগ স্পিনার আবরার আহমেদের সঙ্গে দলে দ্বিতীয় বিশেষজ্ঞ স্পিনার তিনি।

আগামী ৭ অক্টোবর মুলতানে শুরু হবে সিরিজের প্রথম টেস্ট।

ইংল্যান্ডের বিপক্ষে প্রথম টেস্টের পাকিস্তান দল: শান মাসুদ (অধিনায়ক), সাউদ শাকিল (সহ-অধিনায়ক), আমের জামাল, আবদুল্লাহ শাফিক, আবরার আহমেদ, বাবর আজম, মির হামজা, মোহাম্মদ হুরাইরা, মোহাম্মদ রিজওয়ান, নাসিম শাহ, নোমান আলি, সাইম আইয়ুব, সালমান আলি আঘা, সারফারাজ আহমেদ, শাহিন শাহ আফ্রিদি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR